৩০তম

বার্ষিক সাধারণ সভা ও

ছিসাব প্রতিবেদন-২০২৫



কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা



বার্ষিক ৩০তম সাধারণ সভা ও ছিসাব প্রতিবেদন-২০২৫

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

কুষ্টিয়া ভবন

৬০ পুরানা পল্টন লাইন, শান্তিনগর, ঢাকা-১২১৭

ফোন : ০১৩৪৮২৬৭২৭৩

ইমেইল : kushtia96@gmail.com

ওয়েবসাইট : www.kzsd.org & kushtiazsd.org



প্রকাশকাল
নভেম্বর ২০২৬ ইং

প্রকাশনায়
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

সম্পাদনায়
কামরুল হাসান (সুজন)
মোঃ মিজানুর রহমান মিজান

সম্পাদনা সহযোগী
মুন্সী তরিকুল ইসলাম
ড. রকিবুল হাসান
মোহা. আবু আতিক আল হাসান (মিন্টু)
হাসনাইন নাহিয়ান সজিব
মো. সাইদুল ইসলাম পলাশ
রনজক রিজভী
মুজিবুল আলম খান (জিন্না)
মো. ইকরামুজ্জামান
মো. সানোয়ার হোসেন
কে এম মেহেদি হাসান (শাহীন)

মুদ্রণ
দি পিগমেন্ড
৩৭/২, পুরানা পল্টন, ঢাকা
০১৩১২৫৪০৬৬২, ০১৮১৭৫৪০৬৬২
(পাথ্‌ফাইন্ডার ইভেন্ট ম্যানেজমেন্ট)

সূচীপত্র

বিবরণ

সম্প্রতি আমরা যাঁদের হারিয়েছি

বার্ষিক সাধারণ সভার নোটিশ

সভাপতির কথা

আহবায়কের অনুভূতি

সদস্য সচিবের বক্তব্য

মহাসচিবের প্রতিবেদন

সম্পাদকীয়

অর্থসচিবের প্রতিবেদন

অডিট রিপোর্ট

প্রস্তাবিত বাজেট

প্রাক্তন সভাপতিবৃন্দ

প্রাক্তন মহাসচিববৃন্দ

নির্বাহী পরিষদ ২০২৪-২০২৫

উপদেষ্টা পরিষদ ২০২৪-২০২৫

বার্ষিক সাধারণ সভা প্রস্তুতি কমিটি ও উপকমিটি সমূহ

প্রবন্ধ

নবাগত সদস্যদের পরিচিতি

চিত্রে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা-এর কার্যক্রম

বার্ষিক সাধারণ সভা ২০২৫ আয়োজনে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন



সম্প্রতি আমরা যাঁদের হারিয়েছি

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

গভীর শ্রদ্ধাভরে স্মরণ করি



জনাব তৌহিদ আহমেদ সিদ্দিক
সদস্য নম্বর: স-২৩
মৃত্যুর তারিখ: ০৪-১১-২০২৫



জনাব মীর আনিসউজ্জামান
সদস্য নম্বর: স-৪০
মৃত্যুর তারিখ: ০৬-১২-২০২৫



জনাবা জাহানারা আমীর
সদস্য নম্বর: স-১৫.১
মৃত্যুর তারিখ: ১০-১২-২০২৫



জনাব দীন মহম্মদ মন্টু
সদস্য নম্বর: আ-৫১১
মৃত্যুর তারিখ: ১১-০১-২০২৬



জনাব মো. একরামুল হক পান্না
সদস্য নম্বর: আ-১৭৬
মৃত্যুর তারিখ: ০৩-০২-২০২৬



জনাব মীর আশরাফ আলী
সদস্য নম্বর: আ-৫০৭
মৃত্যুর তারিখ: ০৫-০২-২০২৬



জনাব শেখ মো. হাসান মেহেদী
সদস্য নম্বর: য-১৯৭
মৃত্যুর তারিখ: ১৫-০৪-২০২৬



জনাব জাহিদ হোসেন জাফর
সদস্য নম্বর: আ-৩৪২
মৃত্যুর তারিখ: ২৯-০৪-২০২৬



জনাব শেখ গোলাম সারওয়ার
সদস্য নম্বর: য-০১১
মৃত্যুর তারিখ: ০৩-০৫-২০২৬

গভীর শ্রদ্ধাভরে স্মরণ করি



জনাব মো. আব্দুস ছাত্তার মণ্ডু
সদস্য নম্বর: আ-৫৭৯
মৃত্যুর তারিখ: ০৯-০৭-২০২৬



জনাব মো. মোমতাজ আলী শেখ
সদস্য নম্বর: স-৬৫
মৃত্যুর তারিখ: ২৮-০৭-২০২৬



জনাব মো. নেওয়াজ চৌধুরী (মিতুল)
সদস্য নম্বর: আ-১৪১০
মৃত্যুর তারিখ: ০২-০৯-২০২৬



জনাব আর এম দারাইন
সদস্য নম্বর: স-০৭৪
মৃত্যুর তারিখ: ০৮-০৯-২০২৬



জনাব রইস উদ্দিন
সদস্য নম্বর: আ-৮২
মৃত্যুর তারিখ: ১৫-০৯-২০২৬



আলহাজ্ব মোহা. নাছিম উদ্দিন স্বপন
সদস্য নম্বর: আ-২১৫
মৃত্যুর তারিখ: ২৩-০৯-২০২৬



জনাব মোহাম্মদ তোফাজ্জেল হোসেন
সদস্য নম্বর: আ-২০৭৫
মৃত্যুর তারিখ: ২৪-১০-২০২৬



জনাব নন্দ গোপাল বিশ্বাস
সদস্য নম্বর: আ-০১৮
মৃত্যুর তারিখ: ০৪-০৭-২০২৬



বেগম কামরুন নেছা
সদস্য নম্বর: য-৬৪.১
মৃত্যুর তারিখ: ০৯-১০-২০২৪

আমাদের কুষ্টিয়া



কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

কুষ্টিয়া ভবন
৬০ পুরানা পল্টন লাইন, শান্তিনগর, ঢাকা-১২১৭
ফোন : ২২২২২২১৯৭
ইমেইল : kushtia96@gmail.com
ওয়েবসাইট : www.kzsd.org & kushtiazsd.org

বার্ষিক সাধারণ সভার নোটিশ

সূত্রঃ কুজেসচা/নিপ/২০২৪-২০২৫/বাসাসভা/ **তারিখ: ১২ অক্টোবর, ২০২৬**

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা।

বিষয়: ৩০তম বার্ষিক সাধারণ সভা ২০২৫ অনুষ্ঠান প্রসঙ্গে।

প্রিয় সদস্য,
আসসালামু আলাইকুম।

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা-এর ৩০তম বার্ষিক সাধারণ সভা ২০২৫ এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী ১৩ নভেম্বর, ২০২৬ শুক্রবার বিকাল ৪:০০ টায় **'ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) কাউন্সিল হল (৩য় তলা)** ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন **জনাব মোঃ শেখ সাদী,** সভাপতি, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা।

সমিতির সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থেকে সভার সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোহাঃ আবুল হোসেন
মহাসচিব
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা
মোবাইল: ০১৭১১ ৩৪৫৮৩১

অনুষ্ঠান সূচী

প্রথম পর্ব (সাধারণ সভার) : বিকাল ৪.০০ মি. - ৫.৩০ মি.

পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ;
দপ্তর সচিব কর্তৃক শোক প্রস্তাব পেশ;
আহবায়ক কর্তৃক স্বাগত বক্তব্য;
মহাসচিব কর্তৃক ২০২৪ সালের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন;
অর্থসচিব কর্তৃক ২০২৫ সালের আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন, পর্যালোচনা ও অনুমোদন;
মহাসচিব কর্তৃক ২০২৫ সালের কার্যক্রমের উপর প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন;
মহাসচিব কর্তৃক ২০২৬ সালের সম্ভাব্য বাজেট পেশ, পর্যালোচনা ও অনুমোদন;
সমিতির ২০২৬ সালের জন্য অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষক নিয়োগ ও সম্মানি নির্ধারণ;
সভাপতির অনুমতিক্রমে বিবিধ বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য ও সাধারণ সভার সমাপ্তি ঘোষণা;

দ্বিতীয় পর্ব : সন্ধ্যা ৬.৩১ মি.- সন্ধ্যা ৮.৩০ মি.

আলোচনা, ছাত্র বৃত্তি ও সংবর্ধনা, সমিতির সদস্যদের মাঝে অপরচুনিটি আইডি কার্ড হস্তান্তর;
শহীদ আবরার ফাহাদসহ কুষ্টিয়ার ২০২৪ এর জুলাই আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা ও শহীদ পরিবারের সম্মাননা প্রদান;
মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও রাতের খাবার পরিবেশন;



প্রধান অতিথির বাণী

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভা-২০২৫ উপলক্ষে আমি সমিতির সকল সম্মানিত সদস্য, উপদেষ্টামণ্ডলী, কর্মকর্তা ও শুভানুধ্যায়ীদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমাদের প্রিয় কুষ্টিয়া জেলা ইতিহাস, ঐতিহ্য, সাহিত্য, সংস্কৃতি ও মনীষীদের গৌরবময় অবদানে সমৃদ্ধ একটি জনপদ। লালন শাহ, মীর মশাররফ হোসেনসহ অসংখ্য গুণী ব্যক্তিত্বের স্মৃতিধন্য এই জেলা আমাদের গর্ব ও অহংকার। কুষ্টিয়ার এই ঐতিহ্য ও সাংস্কৃতিক পরিচয় নতুন প্রজন্মের কাছে তুলে ধরা এবং জেলার মানুষের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখা আমাদের সকলের দায়িত্ব।

ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীদের মধ্যে ঐক্য, ভ্রাতৃত্ববোধ ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিতে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। একটি সামাজিক সংগঠন হিসেবে শিক্ষা, মানবসেবা, সামাজিক উন্নয়ন ও অসহায় মানুষের কল্যাণে সমিতির উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়। আমি আশা করি সমিতি ভবিষ্যতেও এ ধরনের জনকল্যাণমূলক কর্মকাণ্ড আরও সম্প্রসারিত করবে।

আমার প্রত্যাশা দল-মত ও ব্যক্তিস্বার্থের ঊর্ধ্বে ওঠে সকল কুষ্টিয়াবাসী পারস্পরিক ঐক্য, আন্তরিকতা ও সহযোগিতার মাধ্যমে নিজেদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখবে। বিশেষ করে নতুন প্রজন্মকে সংগঠনের কার্যক্রমে সম্পৃক্ত করে কুষ্টিয়ার ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে এগিয়ে নেওয়ার উদ্যোগ গ্রহণ করা হবে।

পরিশেষে, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভা-২০২৫-এর সর্বাঙ্গীণ সফলতা কামনা করছি। সমিতির উত্তরোত্তর সমৃদ্ধি এবং সকল সদস্যের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি।

কুষ্টিয়াবাসীর ঐক্য, সম্প্রীতি ও সম্মিলিত অগ্রযাত্রা অব্যাহত থাকুক।

সকলকে আন্তরিক ধন্যবাদ।

রেজা আহমেদ বাচ্চু মোল্লা
সংসদ সদস্য, কুষ্টিয়া-১
ও
উপদেষ্টা
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা



প্রধান আলোচকের বাণী

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভা ২০২৫ উপলক্ষে সমিতির সভাপতি, মহা সচিব এবং নির্বাহী ও উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দসহ এবং কুষ্টিয়াবাসী সকলকে আজকের এই শুভক্ষনে শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন।

কুষ্টিয়া বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী সমৃদ্ধ সাংস্কৃতিক ও ইতিহাস ঐতিহ্য লালিত জনপদ। বাউল সম্রাট ফকির লালন শাহ, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও মীর মশাররফ হোসেনসহ অসংখ্য মনীষীর স্মৃতিধন্য এই জেলা আমাদের গর্ব ও অহংকার। কুষ্টিয়ার মাটি, মানুষ, সংস্কৃতি ও ঐতিহ্য আমাদের জাতীয় পরিচয়কে সমৃদ্ধ করেছে।

কুষ্টিয়া জেলা সমিতি শুধু একটি সামাজিক সংগঠন নয়; এটি কুষ্টিয়ার মানুষের মধ্যে সৌহার্দ্য, সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ ও পারস্পারিক সহযোগিতার এক অনন্য মিলন মেলা। কর্মব্যস্ত নাগরিক জীবনে নিজ জেলার মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপন সম্পর্কের বন্ধন সুদৃঢ় এবং এলাকার উন্নয়ন ও কল্যাণে সম্মিলিতভাবে কাজ করার ক্ষেত্রে সমিতির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বার্ষিক সাধারণ সভা একটি সংগঠনের জবাবদিহিতা, স্বচ্ছতা, মূল্যায়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণের গুরুত্বপূর্ণ উপলক্ষ্য। বিগত দিনের সাফল্য ও সীমাবদ্ধতা পর্যালোচনার পাশাপাশি আগামী দিনের কার্যক্রমকে আরো গতিশীল, কার্যকর ও যুব কল্যাণমুখী করার প্রত্যয় গ্রহণ করতে হবে। বিশেষ করে নতুন প্রজন্মকে সংগঠনের সাথে সম্পৃক্ত করা, শিক্ষা ,স্বাস্থ্য, মানবিক সহায়তা এবং সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সময়ের দাবি। আমার বিশ্বাস পারস্পারিক শ্রদ্ধাবোধ, ঐক্য, আন্তরিকতা ও সামাজিক প্রচেষ্টার মাধ্যমে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা আগামী দিনে আরো সুসংগঠিত, গতিশীল ও মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠানে পরিণত হবে। ব্যক্তি স্বার্থের উর্ধে উঠে সমিতির কল্যাণে কাজ করা হোক আমাদের আজকের দিনের অঙ্গিকার।

পরিশেষে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার উত্তরোত্তর সাফল্য সমৃদ্বি ও অগ্রগতি কামনা করছি।

বার্ষিক সাধারণ সভা ২০২৫ এর সার্বঙ্গীন সাফল্য এবং সমিতির সকল সদস্যের সুখ সমৃদ্ধি ও সুস্বাস্থ্য কামনা করছি।

প্রকৌ. মো. জাকির হোসেন সরকার
সদস্য সচিব, কুষ্টিয়া জেলা বিএনপির
ও
উপদেষ্টা, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা



সভাপতির কিছু কথা

কুষ্টিয়া আমাদের শিকড়, ঐক্য আমাদের শক্তি, মানবকল্যাণ আমাদের অঙ্গীকার।

শিল্প-সাহিত্য, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির গৌরবময় উত্তরাধিকারে সমৃদ্ধ আমাদের প্রিয় কুষ্টিয়া। বাংলা সাহিত্য, সংগীত ও মননশীলতার বিকাশে এ জনপদের অবদান অসামান্য। বাউল সম্রাট ফকির লালন শাহ, কালজয়ী ঔপন্যাসিক মীর মশাররফ হোসেন, সাংবাদিক ও সমাজসংস্কারক কাঙাল হরিনাথসহ অসংখ্য মনীষীর পদচারণায় ধন্য এই জনপদ আমাদের গর্ব, অহংকার ও অনিঃশেষ প্রেরণার উৎস। কুষ্টিয়ার সেই সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও সাংস্কৃতিক চেতনাকে ধারণ করে ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর মধ্যে ঐক্য, সম্প্রীতি, সৌহার্দ্য ও ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় করার প্রত্যয় নিয়েই গড়ে উঠেছে **কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা**।

একটি জনপদের প্রতি ভালোবাসা, শিকড়ের প্রতি দায়বদ্ধতা এবং মানুষের কল্যাণে সম্মিলিতভাবে কাজ করার অদম্য আকাঙ্ক্ষা থেকেই এই সংগঠনের পথচলা শুরু। নিজ নিজ অবস্থান ও সামর্থ্যকে কাজে লাগিয়ে কুষ্টিয়াকে আরও সমৃদ্ধ ও মর্যাদাপূর্ণ অবস্থানে প্রতিষ্ঠিত করার স্বপ্ন নিয়ে একদল প্রত্যয়ী মানুষ এই সংগঠনের গোড়াপত্তন করেছিলেন। দীর্ঘ পথপরিক্রমায় নানা চড়াই-উতরাই, প্রতিকূলতা ও প্রতিবন্ধকতা অতিক্রম করে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা আজ একটি সুপ্রতিষ্ঠিত ও কার্যকর সামাজিক সংগঠনে পরিণত হয়েছে। এই অর্জন কোনো একক ব্যক্তি বা গোষ্ঠীর নয়; এটি আমাদের সবার সম্মিলিত প্রয়াস, ভালোবাসা ও দায়িত্ববোধের ফসল।

সমিতির ৩০তম বার্ষিক সাধারণ সভা আমাদের সাংগঠনিক ইতিহাসে একটি তাৎপর্যপূর্ণ মাইলফলক। তিন যুগের এই পথচলায় সমিতি কেবল ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর মিলনমেলায় পরিণত হয়নি, বরং পারস্পরিক যোগাযোগ, সহযোগিতা, সামাজিক সংহতি ও মানবিক কল্যাণের একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। একটি অরাজনৈতিক, অলাভজনক ও জনকল্যাণমুখী সংগঠন হিসেবে শিক্ষা, সংস্কৃতি, সামাজিক সচেতনতা এবং মানবিক সহায়তার ক্ষেত্রে সমিতি ধারাবাহিকভাবে দায়িত্বশীল ভূমিকা পালন করে আসছে।

আমাদের বিশ্বাস, একটি সংগঠনের সার্থকতা শুধু তার প্রতিষ্ঠার ইতিহাস কিংবা সাংগঠনিক পরিধিতে নয়; বরং মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার সক্ষমতার মধ্যেই তার প্রকৃত সাফল্য নিহিত। সেই বিশ্বাসকে ধারণ করেই আমাদের সময়কালে গত দুই বছরে সমিতির কার্যক্রমকে আরও বিস্তৃত, গতিশীল ও জনমুখী করার প্রচেষ্টা অব্যাহত রেখেছি।

কুষ্টিয়া জেলার কৃতী সন্তান, গুণী ব্যক্তিত্ব এবং বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখা ব্যক্তিদের যথাযথ মর্যাদা ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে সংবর্ধনা আয়োজন, তাঁদের সাফল্যে অভিনন্দন জ্ঞাপন এবং অসুস্থতা কিংবা প্রয়াণে শোক ও দোয়ার বার্তা প্রকাশের মাধ্যমে সমিতি কৃতীজনদের পাশে থাকার চেষ্টা করছে। আমাদের সময়কালে ঢাকায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও সংস্থায় কর্মরত এবং পদোন্নতিপ্রাপ্ত কুষ্টিয়ার সদস্য কর্মকর্তাদের পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত গুণীজনদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। এর মধ্য দিয়ে কুষ্টিয়ার সন্তানদের সাফল্যকে সম্মিলিতভাবে উদযাপন এবং নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করার প্রয়াস নেওয়া হয়েছে।

আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ উদ্যোগ হলো শিক্ষা সহায়তা। দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত কুষ্টিয়ার অসচ্ছল ও মেধাবী **২১৮ জন শিক্ষার্থীর মধ্যে প্রায় ২২ লাখ টাকার শিক্ষাবৃত্তি প্রদান** করতে পেরে আমরা আনন্দিত ও গর্বিত। আমরা মনে করি, আমাদের কৃতিসন্তানদের মেধা ও সম্ভাবনার বিকাশে আর্থিক অসচ্ছলতা যেন কোনো বাধা হয়ে না দাঁড়ায়। আজকের এই শিক্ষার্থীরাই আগামী দিনের কুষ্টিয়া তথা বাংলাদেশের নেতৃত্ব দেবে এই প্রত্যাশা থেকেই আমাদের শিক্ষা সহায়তা কার্যক্রম।

পাশাপাশি কর্মে অক্ষম ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো, সামর্থ্য অনুযায়ী মানবিক সহায়তা প্রদান এবং সদস্যদের পারস্পরিক কল্যাণ

নিশ্চিত করার উদ্যোগও গ্রহণ করা হয়েছে। সমিতির ইতিহাসে প্রথমবারের মতো সদস্যদের জন্য স্বাস্থ্যসেবাসহ বিভিন্ন সুযোগ-সুবিধাসংবলিত **'অপরচুনিটি কার্ড'** চালুর উদ্যোগ আমাদের সাংগঠনিক কার্যক্রমে একটি নতুন সংযোজন। এর মাধ্যমে সদস্যদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও কল্যাণের পরিসর আরও বিস্তৃত হবে বলে আমি ভীষণ আশাবাদী।

সময়ের সঙ্গে তাল মিলিয়ে সংগঠনকে আধুনিক ও প্রযুক্তি নির্ভর করার লক্ষ্যেও আমরা উদ্যোগ নিয়েছি। কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার কর্মকাণ্ড, অর্জন, ইতিহাস ও গুরুত্বপূর্ণ তথ্য দেশে-বিদেশে অবস্থানরত সদস্যদের কাছে সহজে পৌঁছে দিতে নির্মাণ করা হয়েছে সমিতির নতুন ওয়েবসাইট (https://kzsd.org/)। এর মাধ্যমে সংগঠনের কার্যক্রম, সদস্যদের তথ্য, বিভিন্ন কর্মসূচি ও প্রয়োজনীয় সংবাদ নিয়মিত হালনাগাদ করার ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে। আমরা চাই, ভৌগোলিক দূরত্ব কিংবা অবস্থানগত সীমাবদ্ধতা যেন কোনো কুষ্টিয়াবাসীকে তাঁর প্রিয় সংগঠনের সঙ্গে সম্পৃক্ত হওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করতে না পারে।

একসময় কুষ্টিয়াবাসী সম্পর্কে একটি ধারণা প্রচলিত ছিল ব্যক্তিগত পর্যায়ে তাঁরা নৈপুণ্য, মেধা ও সাফল্যে উজ্জ্বল হলেও সম্মিলিত উদ্যোগে অনেক সময় প্রত্যাশিত ভূমিকা রাখতে পারেন না। কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার সাড়ে তিন দশকের পথচলা, সাংগঠনিক সক্ষমতা এবং বহুমুখী কল্যাণমূলক কর্মকাণ্ড সেই ধারণাকে নতুনভাবে মূল্যায়নের সুযোগ করে দিয়েছে। আমাদের এই সংগঠন প্রমাণ করেছে, সদিচ্ছা, পারস্পরিক আস্থা, ঐক্য ও সম্মিলিত প্রচেষ্টা থাকলে কুষ্টিয়ার মানুষও একটি শক্তিশালী, সুসংগঠিত ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠান গড়ে তুলতে পারেন।

তবে আমাদের অর্জনই শেষ কথা নয়; সামনে এগিয়ে যাওয়ার আরও অনেক পথ বাকি। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, একটি সংগঠনের প্রকৃত শক্তি তার সদস্যদের ঐক্য, আন্তরিকতা, পারস্পরিক শ্রদ্ধা ও সহযোগিতার মধ্যে নিহিত। তাই সমিতির প্রতিটি সদস্যের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা, নতুন প্রজন্মকে সাংগঠনিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা এবং অভিজ্ঞ ও নবীনদের সম্মিলিত উদ্যোগকে কাজে লাগানো এখন সময়ের দাবি। ভবিষ্যতে শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা, মানবিক উদ্যোগ, অসচ্ছল মানুষের কল্যাণ এবং কুষ্টিয়ার ইতিহাস-ঐতিহ্য সংরক্ষণে আরও বিস্তৃত ও কার্যকর ভূমিকা রাখতে চাই আমরা।

সমিতির এই দীর্ঘ পথচলায় যাঁরা শ্রম, মেধা, সময়, অর্থ ও আন্তরিকতা দিয়ে সহযোগিতা করেছেন, তাঁদের প্রত্যেকের প্রতি জানাই গভীর কৃতজ্ঞতা। বিশেষভাবে আমাদের সম্মানিত উপদেষ্টামণ্ডলী, সাবেক নেতৃত্ব, বর্তমান কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, এজিএম ২০২৫ বাস্তবায়নসহ গঠিত বিভিন্ন উপ-কমিটি এবং সাধারণ সদস্যদের প্রতি রইল আন্তরিক অভিবাদন, ধন্যবাদ ও কৃতজ্ঞতা। আপনাদের সহযোগিতা, পরামর্শ ও ভালোবাসাই আমাদের এগিয়ে যাওয়ার প্রধান প্রেরণা। যাঁদের নিরলস প্রচেষ্টা ও অবদানে এই সংগঠন আজকের অবস্থানে পৌঁছেছে, তাঁদের সবার প্রতি জানাই গভীর শ্রদ্ধা।

আমি মনে করি, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা শুধু একটি সংগঠনের নাম নয়; এটি আমাদের শিকড়ের সঙ্গে সংযোগ, আত্মপরিচয়ের গর্ব এবং পারস্পরিক ভালোবাসার একটি ঠিকানা। কুষ্টিয়ার একজন সন্তান হিসেবে পৃথিবীর যে প্রান্তেই আমরা থাকি না কেন, আমাদের হৃদয়ের একটি অংশজুড়ে রয়েছে প্রিয় এই জনপদ। তাই এই সংগঠনকে ঘিরে আমাদের প্রত্যাশা, আবেগ ও দায়বদ্ধতাও অনেক বেশি। আমরা চাই, এই সংগঠন হয়ে উঠুক প্রতিটি কুষ্টিয়াবাসীর আস্থার ঠিকানা, বিপদে-আপদে পাশে দাঁড়ানোর নির্ভরযোগ্য আশ্রয় এবং আগামী প্রজন্মের জন্য ঐক্য ও মানবিকতার এক উজ্জ্বল দৃষ্টান্ত।

পরিশেষে, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভা-২০২৫-এর সার্বিক সফলতা কামনা করছি। এই আয়োজন আমাদের অতীতের অর্জন পর্যালোচনা, বর্তমানের দায়িত্ব নির্ধারণ এবং ভবিষ্যতের পথচলাকে আরও সুসংহত করার প্রেরণা জোগাবে এটাই আমার প্রত্যাশা।

আসুন, পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা, সম্প্রীতি ও ঐক্যের বন্ধনে আবদ্ধ হয়ে আমাদের প্রিয় সংগঠনকে আরও শক্তিশালী, সমৃদ্ধ ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠানে পরিণত করি।

কুষ্টিয়া আমাদের শিকড়, ঐক্য আমাদের শক্তি, আর মানবকল্যাণ হোক আমাদের অঙ্গীকার।

সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও ভালোবাসা।

মোঃ শেখ সাদী
সভাপতি
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা।



আহ্বায়কের অনুভূতি

"ঐক্যের শক্তিতে, সম্প্রীতির বন্ধনে, এগিয়ে যাক আমাদের প্রিয় সংগঠন"

পরম করুণাময় মহান আল্লাহর অশেষ রহমতে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে প্রকাশিত স্মরণিকার জন্য শুভেচ্ছা বাণী প্রদান করতে পেরে আমি আনন্দিত ও গর্বিত।

কুষ্টিয়া আমাদের প্রাণের জেলা, আমাদের শেকড়, আমাদের গর্ব ও আত্মপরিচয়ের অবিচ্ছেদ্য অংশ। সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য এবং মননশীলতার এক সমৃদ্ধ জনপদ কুষ্টিয়া বাংলাদেশের সাংস্কৃতিক অঙ্গনে স্বমহিমায় উজ্জ্বল। প্রিয় জন্মভূমির প্রতি গভীর ভালোবাসা ও আত্মিক টান আমাদের ভৌগোলিক দূরত্ব অতিক্রম করে একই বন্ধনে আবদ্ধ রেখেছে। কর্মসূত্রে আমরা ঢাকায় বসবাস করলেও হৃদয়ের গভীরে কুষ্টিয়ার মাটি ও মানুষের প্রতি আমাদের ভালোবাসা চিরন্তন।

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা দীর্ঘদিন ধরে ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ, সম্প্রীতি ও সহযোগিতার সম্পর্ক সুদৃঢ় করার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করে যাচ্ছে। এই সংগঠন আমাদের পারস্পরিক পরিচিতি ও যোগাযোগের ক্ষেত্র প্রসারিত করার পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা পালনের সুযোগও সৃষ্টি করে। আমি বিশ্বাস করি, সদস্যদের আন্তরিকতা, নিষ্ঠা ও সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে সংগঠনটি ভবিষ্যতে আরও গতিশীল ও কল্যাণমুখী ভূমিকা পালন করবে।

একটি সংগঠনের ৩০তম বার্ষিক সাধারণ সভা নিঃসন্দেহে একটি তাৎপর্যপূর্ণ উপলক্ষ। এ সভা অতীতের কার্যক্রম মূল্যায়ন, অর্জন ও অভিজ্ঞতা পর্যালোচনা এবং ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের একটি গুরুত্বপূর্ণ সুযোগ। একই সঙ্গে এটি সদস্যদের মধ্যে পারস্পরিক মতবিনিময়, সৌহার্দ্য বৃদ্ধি এবং সাংগঠনিক ঐক্যকে আরও সুদৃঢ় করার একটি কার্যকর ক্ষেত্র।

৩০তম বার্ষিক সাধারণ সভাকে সফল, সুশৃঙ্খল ও অর্থবহ করে তোলার লক্ষ্যে প্রস্তুতি কমিটির পক্ষ থেকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ ধরনের বৃহৎ আয়োজনের সাফল্য কোনো একক ব্যক্তি বা কমিটির প্রচেষ্টায় সীমাবদ্ধ নয়; বরং সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা, দায়িত্বশীলতা ও সম্মিলিত অংশগ্রহণের ওপর নির্ভরশীল। তাই প্রস্তুতি কার্যক্রমে যাঁরা মূল্যবান সময়, শ্রম, পরামর্শ ও সহযোগিতা দিয়ে পাশে রয়েছেন, তাঁদের প্রত্যেকের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

আমি প্রত্যাশা করি, আমাদের এই আয়োজন পারস্পরিক দূরত্ব কমিয়ে হৃদয়ের নৈকট্য বৃদ্ধি করবে, নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে এবং কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার সাংগঠনিক কার্যক্রমে নতুন প্রাণসঞ্চার করবে। আমরা সকলে ঐক্যবদ্ধভাবে কাজ করলে এই সংগঠন কুষ্টিয়াবাসীর আশা-আকাঙ্ক্ষা, ভালোবাসা ও কল্যাণের একটি শক্তিশালী কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত হবে।

পরিশেষে, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীণ সফলতা কামনা করছি। মহান আল্লাহ আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টাকে কবুল করুন এবং সংগঠনের উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সাফল্য দান করুন।

ঐক্য আমাদের শক্তি, সম্প্রীতি আমাদের প্রেরণা, আর প্রিয় কুষ্টিয়া আমাদের অহংকার।

সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা।

মো: সিরাজুল ইসলাম
আহ্বায়ক
৩০তম বার্ষিক সাধারণ সভার ২০২৫ প্রস্তুতি কমিটি
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা।



সদস্য সচিবের কথা

"ঐক্য, সম্প্রীতি ও সম্মিলিত প্রয়াসে আমাদের অগ্রযাত্রা"

পরম করুণাময় মহান আল্লাহর প্রতি অশেষ শুকরিয়া, যাঁর অশেষ রহমতে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার সাধারণ সভা আয়োজনের এই মহতী উদ্যোগ বাস্তবায়নের সুযোগ লাভ করেছি।

কুষ্টিয়া আমাদের প্রাণের ঠিকানা, আমাদের শেকড় ও আত্মপরিচয়ের অবিচ্ছেদ্য অংশ। জীবনের প্রয়োজনে ও নানাবিধ বাস্তবতায় আমরা ঢাকায় বসবাস করলেও প্রিয় কুষ্টিয়ার প্রতি আমাদের মমত্ববোধ ও দায়বদ্ধতা কখনো ম্লান হয়না; বরং এই ভালোবাসাই আমাদের একত্রিত করে, পারস্পরিক সহযোগিতায় উদ্বুদ্ধ করে এবং সম্মিলিতভাবে কাজ করার প্রেরণা জোগায়।

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা আমাদের সেই ঐক্য ও সম্প্রীতির একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। এই সংগঠনের মাধ্যমে ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর মধ্যে পারস্পরিক পরিচিতি, সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ ও সহযোগিতার সম্পর্ক আরও সুদৃঢ় হবে–এটাই আমাদের প্রত্যাশা। একই সঙ্গে সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে অবদান রাখা এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে আমাদের জন্মভূমির গৌরবময় ইতিহাস ও ঐতিহ্য তুলে ধরার ক্ষেত্রেও সংগঠনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

সাধারণ সভা একটি সংগঠনের সাংগঠনিক কার্যক্রমকে গতিশীল করার, সদস্যদের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দেওয়ার এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণের একটি তাৎপর্যপূর্ণ উপলক্ষ্য। এই আয়োজনকে সুষ্ঠু, সুন্দর ও সফল করে তুলতে প্রস্তুতি কমিটির পক্ষ থেকে সর্বোচ্চ আন্তরিকতা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তবে যেকোনো আয়োজনের প্রকৃত সাফল্য নির্ভর করে সকলের সম্মিলিত সহযোগিতা, আন্তরিক অংশগ্রহণ ও পারস্পরিক সহমর্মিতার উপর।

এই আয়োজনের প্রস্তুতি ও বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত সকল সম্মানিত সদস্য, বিভিন্ন বিষয় ভিত্তিক উপ-কমিটির সদস্যবৃন্দ, শুভানুধ্যায়ী এবং সহযোগিতাকারীর প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা। তাঁদের মূল্যবান পরামর্শ, সময়, শ্রম ও সহযোগিতা আমাদের পথচলাকে অনুপ্রাণিত করেছে। আমি বিশ্বাস করি, সকলের সম্মিলিত প্রয়াসে এই সাধারণ সভা আমাদের মধ্যে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে এবং সংগঠনের ভবিষ্যৎ অগ্রযাত্রায় ইতিবাচক ভূমিকা রাখবে।

পরিশেষে, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার সকল সদস্যের প্রতি আহ্বান জানাই–আসুন, আমরা ব্যক্তিগত স্বার্থের ঊর্ধ্বে ওঠে ঐক্য, সম্প্রীতি, পারস্পরিক শ্রদ্ধা ও সহযোগিতার ভিত্তিতে সংগঠনকে আরও শক্তিশালী করি। আমাদের সম্মিলিত উদ্যোগে এই সংগঠন হয়ে উঠুক কুষ্টিয়াবাসীর আস্থা, ভালোবাসা ও কল্যাণের এক নির্ভরযোগ্য ঠিকানা।

শুভেচ্ছান্তে,

এ্যাড. আব্দুল মজিদ বাবু
সদস্য সচিব
৩০তম বার্ষিক সাধারণ সভা ২০২৫ প্রস্তুতি কমিটি,
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা



মহাসচিবের প্রতিবেদন

বাংলাদেশের ৬৪টি জেলার মধ্যে কুষ্টিয়া জেলার নামটি এদেশের মানুষের হৃদয়পটে সমুজ্জ্বল হয়ে আছে। কুষ্টিয়ার মানুষের ভাষা, সংস্কৃতি, আচার, আচরণ, সবকিছুই এ জনপদের মানুষের অন্তরে মিশে আছে।

প্রতিষ্ঠালগ্ন থেকে শুরু করে অনেক চড়াই-উৎরাই পেরিয়ে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা আজ বর্তমান অবস্থানে এসে উপনীত হয়েছে। যাঁদের প্রজ্ঞা, পরিশ্রম, সহযোগিতা এবং সুপরামর্শে এই অর্জন সম্ভব হয়েছে এবং এর গতি ত্বরান্বিত হয়েছে তাঁদেরকে জানাই আমার অন্তরের অন্তঃস্থল থেকে সশ্রদ্ধ সালাম, কৃতজ্ঞতা, বিনম্র শ্রদ্ধা ও আন্তরিক ধন্যবাদ। সমিতির প্রতিষ্ঠালগ্নে যাঁরা অগ্রণী ভূমিকা রেখেছেন তাঁদের মধ্যে অন্যতম শিল্পপতি এ.এম. আগা ইউসুফ, বিশিষ্ট কূটনীতিক এম এম রেজাউল করিম, গ্রামীণ অবকাঠামো উন্নয়নের রূপকার প্রকৌশলী কামরুল ইসলাম সিদ্দিক, প্রকৌশলী মুহ. খিজির খানসহ যারা প্রয়াত হয়েছেন তাঁদের পুণ্যআত্মার প্রতি বিনম্র শ্রদ্ধা এবং পরম করুননাময় মহান আল্লাহর নিকট তাঁদের আত্মার শান্তি কামনা করছি।

কুষ্টিয়া একটি নাম, একটি ইতিহাস, একটি ঐতিহ্য যা আমাদের শিকড়ের সঙ্গে মিশে আছে। এ জেলার মাটি জন্ম দিয়েছে খ্যাতনামা কবি, সাহিত্যিক, সাংবাদিক, সাংস্কৃতিক কর্মী, ক্রীড়াবিদ, রাজনীতিবিদসহ অসংখ্য গুণীজন। অসংখ্য সাধক-মনীষীর পদধুলিতে ধন্য কুষ্টিয়ার মাটি। প্রকৃতি-সচেতন ও মানবতাবোধের কবি রবীন্দ্রনাথের বিশ্বচেতনাবোধ, লালন শাহের অসাম্প্রদায়িক মানবতাবোধ, গ্রামীণ সাংবাদিকতার পথিকৃৎ কাঙাল হরিনাথ মজুমদারের জীবনবোধ ও সমাজ-সচেতনতা মীর মশাররফ হোসেন এর শিল্পিত ভাষাবোধ, ব্রিটিশ বিরোধী আন্দোলনের নায়ক বাঘা যতীন এবং মহান মুক্তিযুদ্ধের অকুতোভয় অগণিত বীর যোদ্ধার শানিতে শৌর্য ও অনন্য দেশপ্রেম কুষ্টিয়াবাসীর অস্তিত্বের অহংকার ও অনন্ত প্রেরণার উৎস।

এই সমিতি আমাদের প্রবাসী ও স্থানীয় মানুষকে একসূত্রে বেঁধে রেখেছে। সমিতির প্রতিটি সদস্য আমাদের পরিবারের অংশ। আমরা একে অপরের আনন্দে যেমন পাশে দাঁড়াই, তেমনি দুঃসময়ে কাঁধে কাঁধ মিলিয়ে সহমর্মিতা প্রকাশ করি। এটাই আমাদের শক্তি, এটাই আমাদের ঐক্য।

বাংলাদেশের সাংস্কৃতিক রাজধানী হিসেবে খ্যাত কুষ্টিয়া। এ সমিতির বর্তমান সদস্য সংখ্যা সপরিবার-১৬৬ জন, যুগল-২৫৩ জন এবং আজীবন-২২০৫ জনসহ সর্বমোট সহযোগী সদস্যসহ প্রায় ৩৩৭৫ জন আজীবন সদস্য রয়েছে।

সমিতির সকল ধরনের আয়-ব্যয়ের জবাবদিহিতা ও স্বচ্ছতা সমিতিতে চলমান রয়েছে; যার ভিত আগামীতে আরও মজবুত হবে বলে আশা করি। আমার দৃঢ় বিশ্বাস, উত্তরণের অন্যতম শর্ত এই আত্মিক-শক্তির কোনো অভাব আমাদের হবে না। সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা নিশ্চয়ই আমাদের কাঙ্খিত লক্ষ্যে পৌছাতে পারব ইনশাআল্লাহ।

এবারে আমি আমাদের পরিসমাপ্ত ও গৃহীত কর্ম প্রয়াসের পরিসংখ্যানের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি:

২০২৫ সালে গৃহীত/সমাপ্ত কার্যক্রম:

- পবিত্র রমজান মাসে মিলাদ মাহ্‌ফিল ও ইফতারের আয়োজন;
- কুষ্টিয়ার গরিব রোগিদের চিকিৎসা সহায়তা প্রদান কার্যক্রমের অংশ হিসেবে প্রতি মাসে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়;
- উচ্চ শিক্ষা/ভর্তির জন্য কুষ্টিয়ার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বিভিন্ন অনুদান প্রদান;
- সমিতির সদস্য/সদস্য নয় এমন ব্যক্তিবর্গ অসুস্থ হলে সুস্থতা কামনা করে এবং কেউ মারা গেলে মৃত ব্যক্তির মাগফিরাত কামনা করার জন্য সকল সদস্যদেরকে একযোগে এসএমএস পাঠানো হয়;
- সকল সদস্যকে ধর্মীয় ও বিশেষ দিবসের শুভেচ্ছা প্রেরণ;
- সদস্যদের পারিবারিক অনুষ্ঠানে সমিতির প্রতিনিধি দলের অংশগ্রহণ;
- কুষ্টিয়াবাসীর দাবিসমূহ বাস্তবায়নের লক্ষ্যে রাজনীতিবিদ, ব্যবসায়ী ও সরকারি/বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাদের একসাথে কাজ করার লক্ষ্যে সেতুবন্ধন সৃষ্টিকররণ;
- বিভিন্ন জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন নিশ্চিতকরণ;

বার্ষিক সাধারণ সভা-২০২৬ (১৩ নভেম্বর, ২০২৬) যা করা হবে:

- আজ ১৩ নভেম্বর ২০২৬, ২৮ কার্তিক ১৪৩৩ রোজ শুক্রবার সাধারণ সভা ২০২৫ অনুষ্ঠিত হচ্ছে। এই সভায় ২০২৪ সালে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।
- ২০২৫ সালের আয়-ব্যয়ের হিসাব অনুমোদনের জন্য পেশ করা হবে।
- ২০২৬ সালের সম্ভাব্য বাজেট অনুমোদনের জন্য পেশ করা হবে।
- সমিতির আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষণের জন্য নিরীক্ষক প্রতিষ্ঠান নিয়োগ তাঁদের সম্মানী নির্ধারণের জন্য প্রস্তাব উপস্থাপন করা হবে।

২০২৬ সালের কর্মপরিকল্পনা :

- বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত মেধাবী অসচ্ছল ছাত্র/ছাত্রীদেরকে এককালীন বৃত্তি প্রদান ;
- মুক্তিযোদ্ধাদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা;
- সমিতির মহিলা সদস্যদের অধিক হারে সমিতির কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ দেওয়া;
- সমিতি ভবনের অভ্যন্তরীণ বিনোদনের ব্যবস্থা করা;
- সমিতিতে একটি আধুনিক পাঠাগার প্রতিষ্ঠা করা;
- কুষ্টিয়ার বিভিন্ন উপজেলায় হেলথ্ ক্যাম্প এর মাধ্যমে এলাকার দুস্থ রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা;
- সমিতির সকল সদস্য/সদস্যাগণের মধ্যে সৌহার্দ ও সম্প্রীতি বজায় রাখা;
- কুষ্টিয়ার মাটিতে জন্মগ্রহণ করেছেন এমন খ্যাতনামা কবি, সাহিত্যিক, সাংবাদিক, সাংস্কৃতিক কর্মী, ক্রীড়াবিদ ও রাজনীতিবিদদের জন্ম-মৃত্যু দিবস পালনে পদক্ষেপ গ্রহণ করা;
- বিভিন্ন জাতীয় দিবস (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, জাতীয় শিশু দিবস, বাংলা নববর্ষ সহ বিভিন্ন দিবস আড়ম্বরপূর্ণ ও যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্যোগ গ্রহণ করা;
- কুষ্টিয়া জেলাকে 'সাংস্কৃতিক রাজধানী' ঘোষণার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- কুষ্টিয়ার সকল স্তরের মানুষের মধ্যে সমন্বয়ের মাধ্যমে কুষ্টিয়ার উন্নয়ন ত্বরান্বিত করা;
- কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা-কে একটি আধুনিক ও স্মার্ট সমিতি গঠনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা।
- দুর্যোগকালে জরুরি ঔষধসহ ত্রাণ বিতরণ কার্যক্রম গ্রহণ করা;

প্রিয় সদস্য ও অতিথিবৃন্দ,

আজকের অনুষ্ঠানে আগত সকল সম্মানীত সদস্য, অতিথি এবং সাংবাদিক বন্ধুদের জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। এই অনুষ্ঠানে আপনাদের স্বতস্ফূর্ত অংশগ্রহণ অনুষ্ঠানকে সফলতা ও সার্থকতায় পরিপূর্ণ করে তুলেছে। সমিতির প্রতি বিশ্বাস ও আস্থা রেখে যাঁরা সমিতির বিভিন্ন জনকল্যাণমূলক কাজে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন, মেধা, শ্রম, অনুদান এবং বিজ্ঞাপন দিয়ে আমাদের কার্যক্রমকে গতিশীল ও সাফল্যমন্ডিত করতে উৎসাহ যুগিয়েছেন, তাঁদের প্রতি অন্তরের অন্তঃস্থল থেকে কৃতজ্ঞতা প্রকাশ করছি। সম্মানিত উপদেষ্টা পরিষদ, নির্বাহী পরিষদ ও অন্যান্য সদস্যবৃন্দকে সবসময় সবকাজে পাশে থাকার জন্য জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

সমিতির কল্যাণে এবং লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সম্মানিত সদস্যগণ তাঁদের মূল্যবান একটু সময় সমিতির জন্য রেখে অনুষ্ঠানে উপস্থিত হয়ে সমিতির প্রতি ভালোবাসা এবং কল্যাণে সমিতিতে আসবেন এবং সমিতির গঠনমূলক কাজে পরামর্শ দেবেন এই প্রত্যাশা করি। আপনাদের গঠনমূলক প্রতিটি পরামর্শই সমিতির সিদ্ধান্ত গ্রহণে এবং কল্যাণমূলক ও উন্নয়নমূলক সকল কাজ বাস্তবায়নে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আজকের এই বার্ষিক সাধারণ সভা ২০২৫ এর অনুষ্ঠান সার্থক ও সাফল্যমন্ডিত করার জন্য গঠিত প্রস্তুতি কমিটির সম্মানিত আহ্বায়ক জনাব মো. সিরাজুল ইসলাম ও সদস্য সচিব এ্যাড. মো. আব্দুল মজিদ বাবু সহ উপ-কমিটির সম্মানিত সদস্য যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, সর্বাত্মক সহযোগিতা করেছেন এবং পাশে থেকে উৎসাহ দিয়েছেন তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

শত ব্যস্ততার মাঝে সমিতির প্রতি প্রগাঢ় ভালোবাসা ও আন্তরিকতার টানে আজকের অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ নিজ নিজ অবস্থান থেকে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আমাদের অনুষ্ঠানকে সফল ও সার্থক করতে সহযোগিতা করায় আমি আপনাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। মহান আল্লাহর অনুগ্রহে সকলে সুস্থ থাকুন, সবসময় ভালো থাকুন, সকলের সম্মিলিত প্রয়াসে 'কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা' উত্তরোত্তর সমৃদ্ধি অর্জন করবে এই কামনা করি।

আপনাদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি। পরম করুণাময় মহান আল্লাহ তায়ালা আমাদের সহায় হোন। ভালো থাকবেন সব সময় এই প্রত্যাশায়।

মোহা. আবুল হোসেন
মহাসচিব
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা



সম্পাদকীয়



"ঐক্য, সম্প্রীতি ও শিকড়ের টানে"

কুষ্টিয়া–আমাদের আবেগ, আমাদের অহংকার, আমাদের শেকড়ের ঠিকানা। সাহিত্য, সংস্কৃতি, বাউল-লালনের দর্শন, মননশীলতা ও অসাম্প্রদায়িক চেতনায় সমৃদ্ধ এই জনপদ বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যে এক স্বতন্ত্র অবস্থান অধিকার করে আছে। প্রিয় জন্মভূমি কুষ্টিয়ার মাটি ও মানুষের প্রতি ভালোবাসা আমাদের হৃদয়ে যে বন্ধন সৃষ্টি করেছে, তা ভৌগোলিক দূরত্ব অতিক্রম করে আমাদের একসূত্রে আবদ্ধ রাখে।

ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ ও সহযোগিতার সেতুবন্ধন সুদৃঢ় করার প্রত্যয়ে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা একটি গুরুত্বপূর্ণ মিলনমঞ্চ হিসেবে কাজ করে যাচ্ছে। এই সংগঠন কেবল একটি সামাজিক প্রতিষ্ঠান নয়; এটি আমাদের আত্মপরিচয়, পারস্পরিক সম্প্রীতি এবং জন্মভূমির প্রতি দায়বদ্ধতার অঙ্গীকার।

একটি সংগঠনের প্রকৃত শক্তি তার সদস্যদের ঐক্য, আন্তরিকতা ও সম্মিলিত উদ্যোগের মধ্যে নিহিত। পারস্পরিক সহযোগিতা, মানবিক মূল্যবোধের চর্চা, নতুন প্রজন্মের সঙ্গে আমাদের শেকড়ের পরিচয় ঘটানো এবং সমাজের কল্যাণে ইতিবাচক ভূমিকা রাখার মধ্য দিয়েই একটি সংগঠন তার সার্থকতা খুঁজে পায়। আমরা প্রত্যাশা করি, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা তার ঐতিহ্য ও গৌরব অক্ষুণ্ন রেখে ভবিষ্যতেও এই মহৎ লক্ষ্য বাস্তবায়নে আরও গতিশীল ভূমিকা পালন করবে।

সাধারণ সভা একটি সংগঠনের কার্যক্রম পর্যালোচনা, অভিজ্ঞতা বিনিময়, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং পারস্পরিক মতবিনিময়ের গুরুত্বপূর্ণ উপলক্ষ। এ আয়োজন আমাদের মধ্যে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে, পারস্পরিক সম্পর্ককে আরও সুদৃঢ় করবে এবং সংগঠনের অগ্রযাত্রায় নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে–এটাই আমাদের প্রত্যাশা।

এই স্মরণিকা প্রকাশনা সাধারণ সভার স্মৃতি ধারণের পাশাপাশি কুষ্টিয়ার ঐতিহ্য, সংস্কৃতি ও সামাজিক বন্ধনকে আরও গভীরভাবে উপলব্ধি করার সুযোগ সৃষ্টি করবে বলে আমাদের বিশ্বাস। স্মরণিকার সঙ্গে সংশ্লিষ্ট সকল লেখক, শুভানুধ্যায়ী, পৃষ্ঠপোষক ও আয়োজকদের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা। তাঁদের সম্মিলিত প্রচেষ্টা ও আন্তরিক সহযোগিতাই এ আয়োজনকে সার্থক ও অর্থবহ করে তুলবে।

আসুন, আমরা সবাই দল-মত ও ব্যক্তিস্বার্থের উর্ধ্বে ওঠে পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা ও সহযোগিতার মাধ্যমে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকাকে আরও সুসংগঠিত, কার্যকর ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠানে পরিণত করি। আমাদের সম্মিলিত প্রয়াসে প্রিয় কুষ্টিয়ার সুনাম ছড়িয়ে পড়ুক সর্বত্র, প্রজন্ম থেকে প্রজন্মে অটুট থাকুক শেকড়ের টান ও ভ্রাতৃত্বের বন্ধন।

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার সাধারণ সভা সফল ও সার্থক হোক। সংগঠনের উত্তরোত্তর সমৃদ্ধি এবং সকলের সুখ, শান্তি ও কল্যাণ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

মো: কামরুল হাসান (সুজন)
আহবায়ক
প্রকাশনা উপ-কমিটি
৩০ তম বার্ষিক সাধারণ সভা ২০২৫
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

মোঃ মিজানুর রহমান মিজান
সদস্য সচিব
প্রকাশনা উপ-কমিটি
৩০ তম বার্ষিক সাধারণ সভা ২০২৫
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা



অর্থ সচিবের প্রতিবেদন

কুষ্টিয়া বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী ও সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ একটি জনপদ। সাহিত্য, সংস্কৃতি, শিক্ষা, ইতিহাস ও ঐতিহ্যের ধারক এই জেলার মানুষের রয়েছে নিজস্ব স্বকীয়তা ও গৌরবময় পরিচয়। কুষ্টিয়ার মানুষের পারস্পরিক সম্প্রীতি, সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধকে অটুট রাখা এবং ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীদের মধ্যে ঐক্যের বন্ধন সুদৃঢ় করার প্রত্যয়ে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সমিতির ৩০তম বার্ষিক সাধারণ সভা একটি গুরুত্বপূর্ণ ও আনন্দঘন উপলক্ষ। দীর্ঘ পথপরিক্রমায় সমিতির সাংগঠনিক কার্যক্রম, সামাজিক দায়বদ্ধতা এবং জনকল্যাণমূলক উদ্যোগগুলো বাস্তবায়নে সম্মানিত সদস্যদের অবদান অনস্বীকার্য। সমিতির বিভিন্ন অনুষ্ঠান আয়োজন, সদস্যদের পারস্পরিক সহযোগিতা, অসচ্ছল ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানোসহ নানাবিধ কার্যক্রম পরিচালনায় আর্থিক ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

অর্থ সচিব হিসেবে সমিতির আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, তহবিল ব্যবস্থাপনা এবং আর্থিক লেনদেনে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখার চেষ্টা করেছি। সম্মানিত সদস্যদের নিয়মিত চাঁদা, বিভিন্ন শুভানুধ্যায়ীর অনুদান এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত অর্থ সমিতির তহবিলের অন্যতম ভিত্তি। সমিতির প্রয়োজনীয় সাংগঠনিক ও কল্যাণমূলক কার্যক্রমে এসব অর্থ ব্যয় করা হয়েছে।

বিগত ২০২৫ সালের আয়-ব্যয়ের হিসাব, আর্থিক স্থিতিপত্র এবং সংশ্লিষ্ট বিবরণী এই প্রতিবেদনের সঙ্গে উপস্থাপন করা হলো। সম্মানিত সদস্যবৃন্দের প্রতি অনুরোধ থাকবে, আপনারা হিসাবের প্রতিটি বিষয় মনোযোগসহকারে পর্যালোচনা করে প্রয়োজনীয় মতামত ও পরামর্শ প্রদান করবেন। আপনাদের সুচিন্তিত মতামত সমিতির আর্থিক ব্যবস্থাপনাকে আরও সুশৃঙ্খল, স্বচ্ছ ও গতিশীল করতে সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

সমিতির সকল কার্যক্রম সফলভাবে পরিচালনার ক্ষেত্রে সভাপতি, সাধারণ সম্পাদক, উপদেষ্টা মণ্ডলীর সদস্যবৃন্দ, নির্বাহী কমিটির সদস্য এবং সাধারণ সদস্যদের সহযোগিতা ও আন্তরিকতা বিশেষভাবে প্রশংসনীয়। বিশেষ করে যারা আর্থিক অনুদান, সদস্য চাঁদা ও বিভিন্নভাবে সহযোগিতা করে সমিতির কার্যক্রমকে এগিয়ে নিতে ভূমিকা রেখেছেন, তাঁদের সকলের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা।

পরিশেষে, কুষ্টিয়া জেলা সমিতি, ঢাকার ৩০তম বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীণ সফলতা কামনা করছি। সকলের সম্মিলিত প্রচেষ্টা, আন্তরিকতা ও সহযোগিতায় সমিতি আগামী দিনগুলোতে আরও সমৃদ্ধ, সুসংগঠিত ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠানে পরিণত হবে–এই প্রত্যাশা ব্যক্ত করছি।

সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা

মোঃ ইকবাল মহসীন
অর্থ সচিব
কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা
ও পরিচালক, বাংলাদেশ ব্যাংক



Audit Report

for the Year 2025



Kushtia Zila Samity Dhaka
Auditors' Report & Financial Statements
for the year ended December 31, 2025

Hossain Chowdhury & Co.
Chartered Accountants

Branch Office: 30, Bijoynagar (4th Floor), Paltan, Dhakka-1000, Phone No.: +8802223383140
Cell Phone: +880 1767 984932, +880 1847 090073, E-mail: mdtofazzel@gmail.com

Auditor' s Report
To the Members, of Kushtia Zila Samity Dhaka

Report on the Audit of the Financial Statements

Opinion

We have audited the financial statements of **Kushtia Zila Samity Dhaka,** which comprise the Statement of Financial Position as at 31 December 2025 and Statement of Income and Expenditure, Statement of Changes in Fund, Statement of Cash Flows for the year then ended, and notes to the financial statements, including a summary of significant accounting policies.

In our opinion, except for impact of the matter stated in the Emphasis of Matter Paragraph below, the accompanying financial statements give true and fair view, in all material respects, of the financial position of the Organization as at 31 December 2025 and of its financial performance and its Cash Flows for the year then ended in accordance with International Financial Reporting Standards (IFRSs) and comply with the requirements of the Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 and other applicable laws and regulations.

Basis for Opinion

Emphasis of Matter Paragraph:

Under IFRS, a liability should only be recognized on the balance sheet when there is a present obligation arising from past events, an outflow of resources embodying economic benefits is probable, and the amount can be reliably estimated. If it is determined that there is no present obligation to repay the Members' Fund, and hence no probable outflow of resources will be required, this amount should not be recognized as a liability. If the Members' Fund is not a liability, it should be reassessed whether it meets the criteria for recognition as income or should be reclassified within equity. If these funds are not legally repayable and are intended for use in general operations, it would be appropriate to recognize them as income. Therefore, if it carries no obligation for repayment, should not continue to be recognized as a liability. If the funds are immediately available for unrestricted use without repayment, recognizing the full amount as income once the decision is made reflects the change in the nature of the fund from a liability to income or If there is uncertainty about the timing of the fund's utilization or if recognizing the income over a period is more reflective of the benefits conferred to the organization, income can be recognized on a systematic and rational basis over the period the benefits are consumed. Our opinion is not modified in respect of this matter.

We conducted our audit in accordance with the International Standards on Auditing (ISAs). Our responsibilities under those standards are further described in the Auditors' Responsibilities for the Audit of the Financial Statements section of our report. We are independent of the Organization in accordance with the International Ethics Standards Board for Accountants' Code of Ethics for Professional Accountants (IESBA Code), and we have fulfilled our other ethical

responsibilities in accordance with the IESBA Code. We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our opinion.

Responsibilities of Management and Those Charged with Governance for the Financial Statements and Internal Controls

Management is responsible for the preparation and fair presentation of the financial statements in accordance with IFRSs, and for such internal control as management determines is necessary to enable the preparation of financial statements that are free from material misstatement, whether due to fraud or error. The Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 requires the Management to ensure effective internal audit, internal control and risk management functions of the Organization.

In preparing the financial statements, management is responsible for assessing the Entity's ability to continue as a going concern, disclosing, as applicable, matters related to going concern and using the going concern basis of accounting unless management either intends to liquidate the Organization or to cease operations, or has no realistic alternative but to do so.

Those charged with governance are responsible for overseeing the Entity's financial reporting process.

Auditor's Responsibilities for the Audit of the Financial Statements

Our objectives are to obtain reasonable assurance about whether the financial statements as a whole are free from material misstatement, whether due to fraud or error, and to issue an auditor's report that includes our opinion. Reasonable assurance is a high level of assurance but is not a guarantee that an audit conducted in accordance with ISAs will always detect a material misstatement when it exists. Misstatements can arise from fraud or error and are considered material if, individually or in the aggregate, they could reasonably be expected to influence the economic decisions of users taken on the basis of these financial statements.

As part of an audit in accordance with ISAs, we exercise professional judgments and maintain professional skepticism throughout the audit. We also:

- Identify and assess the risks of material misstatement of the financial statements, whether due to fraud or error, design and perform audit procedures responsive to those risks, and obtain audit evidence that is sufficient and appropriate to provide a basis for our opinion. The risk of not detecting a material misstatement resulting from fraud is higher than for one resulting from error, as fraud may involve collusion, forgery, intentional omissions, misrepresentations, or the override of internal control.

- Obtain an understanding of internal control relevant to the audit in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing an opinion on the effectiveness of the Entity's internal control.

- Evaluate the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates and related disclosures made by management.

- Conclude on the appropriateness of management's use of the going concern basis of accounting and, based on the audit evidence obtained, whether a material uncertainty exists related to events or conditions that may cast significant doubt on the Entity's ability to continue as a going concern. If we conclude that a material uncertainty exists, we are required to draw attention in our auditor's report to the related disclosures in the financial statements or, if such disclosures are inadequate, to modify our opinion. Our conclusions are based on the audit evidence obtained up to the date of our auditor's report. However, future events or conditions may cause the Organization to cease to continue as a going concern.

এই ভবনকে কেন্দ্র করেই সমিতির সাংগঠনিক কার্যক্রম আরও সুসংহত হয়। বেশকিছুদিন ধরে পদ্ম-গড়াই ভবন কুষ্টিয়াবাসীর মিলনমেলা, পারস্পরিক যোগাযোগ ও সাংগঠনিক কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়েছে।

“পদ্ম-গড়াই” থেকে আধুনিক “কুষ্টিয়া ভবন” : স্বপ্নের নতুন অধ্যায়

সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে সংগঠনের কার্যক্রম ও সদস্যসংখ্যা বৃদ্ধি পায়। পুরোনো ভবনের সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে একটি আধুনিক, সুপরিকল্পিত ও সময়োপযোগী ভবন নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দেয়। সেই চিন্তা থেকেই পুরানো স্থাপনার পরিবর্তে নতুন ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। যেটা এখন আমাদের স্বপ্নের “কুষ্টিয়া ভবন”।

এই উদ্যোগ শুধু একটি ভবন নির্মাণের পরিকল্পনা নয়; এটি ছিল ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি স্থায়ী প্রতিষ্ঠান ও গর্বের ঠিকানা গড়ে তোলার প্রত্যয়। এই মহতী উদ্যোগ বাস্তবায়নে অনেকেই আর্থিক সহযোগিতা, শ্রম, মেধা, পরামর্শ ও সাংগঠনিক দায়িত্ব নিয়ে এগিয়ে আসেন।

নতুন ভবন নির্মাণ ও পুরানো ভবন ক্রয়ের ইতিহাসে যাঁদের অবদান বিশেষভাবে স্মরণীয়, তাঁদের মধ্যে রয়েছেন–বিশিষ্ট শিল্পপতি এ.এম. আগা ইউসুফ, দানবীর আলাউদ্দিন আহমেদ, নাসির উদ্দিন বিশ্বাস, আব্দুল কুদ্দুস বিশ্বাস, ইসাক আলী মালিথা, আব্দুর রশিদ, নুরুল আলম, মোহাম্মদ গোলাম মোস্তফা, মো: আমিরুল ইসলাম, ফিরোজা বেগম, মুন্সি শাহজাহান, মো: আক্তারুজ্জামান, বাবু সনজিত কুমার, মো: শেখ সাদী, মো: আবুল হোসেনসহ কুষ্টিয়ার আরো নিবেদিতপ্রাণ ব্যাক্তিবর্গ।

এ ছাড়া কুষ্টিয়ার বাইরের বিশিষ্ট সমাজসেবী ও শিল্পোদ্যোক্তা রাগিব আলী এবং এম.এ. হাসেমের সহযোগিতাও বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁদের আর্থিক সহায়তা, আন্তরিকতা ও অবদান এই মহতী উদ্যোগকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

প্রত্যেকের অবদানের ধরন ও পরিমাণ ভিন্ন হলেও তাঁদের সবার লক্ষ্য ছিল কুষ্টিয়াবাসীর জন্য একটি স্থায়ী, সুন্দর ও মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠান গড়ে তোলা। কেউ অর্থ দিয়ে, কেউ শ্রম ও মেধা দিয়ে, কেউ পরামর্শ ও সাংগঠনিক সহযোগিতার মাধ্যমে এই স্বপ্ন বাস্তবায়নে অংশ নিয়েছেন। তাঁদের সম্মিলিত অবদান **'কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা'** ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

আধুনিক "কুষ্টিয়া ভবন" ও নতুন প্রজন্মের প্রত্যাশা

'কুষ্টিয়া ভবন' আজ কেবল একটি সাংগঠনিক কার্যালয় নয়; এটি ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর আবেগ, আত্মপরিচয়, ঐক্য ও ভালোবাসার প্রতীক। এই ভবনকে ঘিরে সমিতির কার্যক্রম আরও বিস্তৃত করার পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি কার্যকর ও আধুনিক মিলনকেন্দ্র গড়ে তোলার প্রত্যাশা তৈরি হয়েছে।

এই ধারাবাহিকতায় পরবর্তীতে 'কুষ্টিয়া ভবন' এর অষ্টম তলায় 'শেখ সাদী' মিলনায়তন নামে একটি আধুনিক হলরুম বা অডিটরিয়াম নির্মাণের উদ্যোগে আর্থিক সহযোগিতা প্রদান করি। যা এই ভবনকে আরও কার্যকর ও সময়োপযোগী প্রতিষ্ঠানে পরিণত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই অডিটরিয়াম ভবিষ্যতে সাধারণ সভা, মতবিনিময়, সাংস্কৃতিক অনুষ্ঠান, সামাজিক আয়োজন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মসূচি বাস্তবায়নে বিশেষ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়।

অগ্রজদের অবদান আমাদের প্রেরণা, ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের দায়বদ্ধতা

'কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা' প্রতিষ্ঠা থেকে শুরু করে 'পদ্ম-গড়াই' ভবন ক্রয় এবং আধুনিক 'কুষ্টিয়া ভবন' নির্মাণ পর্যন্ত প্রতিটি পর্যায়েই রয়েছে বহু মানুষের ত্যাগ, শ্রম, মেধা ও ভালোবাসার গল্প। তাঁদের অনেকেই হয়তো আজ আমাদের মাঝে নেই, কিন্তু তাঁদের অবদান সংগঠনের প্রতিটি ইট-পাথর ও ইতিহাসের পাতায় অম্লান হয়ে থাকবে।

একটি সংগঠনের প্রকৃত সার্থকতা শুধু তার অবকাঠামো বা স্থাপনার মধ্যে সীমাবদ্ধ নয়; বরং তার আদর্শ, সাংগঠনিক ঐক্য, মানবিক কর্মকাণ্ড এবং মানুষের কল্যাণে ভূমিকা রাখার মধ্যেই তার প্রকৃত পরিচয় নিহিত। তাই আমাদের দায়িত্ব হলো প্রতিষ্ঠাতাদের স্বপ্ন ও আদর্শকে ধারণ করা, তাঁদের অবদান যথাযথ মর্যাদায় স্মরণ করা এবং সংগঠনের ঐতিহ্যকে ভবিষ্যৎ প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া।

"কুষ্টিয়া ভবন" হয়ে উঠুক সকল কুষ্টিয়াবাসীর ভালোবাসা, ঐক্য, সম্প্রীতি ও কল্যাণের চিরস্থায়ী ঠিকানা। যাঁদের স্বপ্নে এই সংগঠনের জন্ম, যাঁদের ত্যাগে গড়ে উঠেছে নিজস্ব ঠিকানা সেই সকল মহৎপ্রাণ মানুষের প্রতি রইল আমাদের গভীর শ্রদ্ধা, কৃতজ্ঞতা ও বিনম্র ভালোবাসা।

কুষ্টিয়া আমাদের শেকড়, 'কুষ্টিয়া ভবন' আমাদের গর্ব, আর ঐক্যই হোক আমাদের আগামীর শক্তি।

লেখক: মোঃ শেখ সাদী, সভাপতি, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা।



বাউল সাধক লালন ফকির এবং লালন একাডেমী

প্রসঙ্গঃ প্রফেসর ড. আনোয়ারুল্লল করীম-এর ভূমিকা

লিটন আব্বাস

বাংলা সংস্কৃতি ও চিন্তার ধারায় বাউল ফকির লালন সাঁইজি এক অবিস্মরণীয় নাম। মানবতাবাদী দার্শনিক লালন ফকির, যিনি মানুষ, সমাজ, প্রেম, ধর্ম এবং আত্মজিজ্ঞাসা সম্পর্কে এক নবতর দৃষ্টিভঙ্গি উপহার দিয়েছেন। লালনের জীবন ও বাণী একদিকে যেমন মরমিয়া ভাবধারায় নিবিষ্ট, তেমনি অন্যদিকে সমাজের সংকীর্ণতা ও ভণ্ডামির বিরুদ্ধে এক প্রতিবাদী কণ্ঠ।

লালনের দর্শনের কেন্দ্রবিন্দু ছিল মানুষ।জাত, ধর্ম, বর্ণ, গোষ্ঠী বা লিঙ্গ–কোন প্রকার বিভাজনই তাঁর কাছে গ্রহণযোগ্য ছিল না। তিনি মানুষকে দেখেছেন এক অখণ্ড সত্তা হিসাবে।

বাংলা সংস্কতির প্রাণভূমি, মাটির গন্ধে ভরা যাপিত জীবনের প্রতিটি বাঁকে একৃ অদৃশ্য সুর বয়ে যায়–সে সুর মানবতার, ভালোবাসার, আত্মজিজ্ঞাসার। এই সুরেরই প্রতিভূ বাউর ফকির লালন সাঁই। তিনি ছিলেন ধর্ম, জাতি, বর্ণ, গোঁড়ামির উর্দ্ধে এক অসাম্প্রদায়িক মানবতাবাদী চিন্তানায়ক। তাঁর দর্শনের মূলে ছিল মানুষ–"মানুষ ভজলে সোনার মানুষ হবি।"

আজকের পৃথিবী প্রযুক্তিনির্ভর, কিন্তু ' মানুষ ত্রমশ একা, বিভক্ত ও মূল্যবোধহীন হয়ে পড়ছে। এমন সময় লালনের মানতাবাদী ও পরিবেশসংবেদী দর্শন অত্যন্ত প্রাসঙ্গিক।

লালন ফকির ইংরেজি ১৮৯০ তৎকালীন বাংলা ১২৯৭ সালের ১লা কার্তিক কুমারখালি উপজেলার ছেঁউড়িয়া গ্রামে তাঁর আখড়া বাড়িতে মৃত্যুবরণ করেন। কোন সালে তাঁর জন্ম হয়েছিল এ সম্বন্ধে কোন নির্দিষ্ট তারিখের সন্ধান আমরা পাইনি। তবে লোকমুখে জানা যায় তিনি ১১৬ বৎসর বেঁচে ছিলেন। এ হিসাব ধরলে ১৭৭৪ সালে তাঁর জন্ম হয়েছিল এবং তিনি ২৫১ বৎছর আগে জন্ম নিয়েছিলেন।

প্রফেসর ড. আনোয়ারুল করীম ১৯৫৫-৫৬ সালে কুষ্টিয়া কলেজে অধ্যয়নকালে সর্বপ্রথম লালনের গানের প্রতি আকষ্ট হন। অতঃপর এ বিষয়ে তাঁর গবেষণা এবং লেখালেখি। ১৯৫৫ সালে কুষ্টিয়া কলেজ ছাত্র থাকাকালীন সময়ে তিনি সর্বপ্রথম লালন ফকিরের গান এবং ছেঁউড়িয়াতে তাঁর আখড়ার কথা জানতে পারেন। হারান ফকির নামে মংগলবাড়ী কুষ্টিয়ায় একজন রিকশাওয়ালার কাছ থেকে। সন্ধ্যায় কলেজ থেকে ফুটবল খেলা শেষে তাঁর বাবার অফিসিয়াল বাসভবনে রিক্শায় ফিরে আসবার সময় এই তথ্য তিনি জানতে পারে। মংগলবাড়ী পেরিয়ে সামান্য কিছু দূরে ছিল গঙ্গাকপোতাক্ষ পরিকল্পনার কষি ফার্মে তাঁর পিতার সরকারি বাসভবন ছিল। হারান ফকির সন্ধ্যায় রাস্তা ফাঁকা পেয়ে গুনগুন করে লালন ফকিরের গান ধরে। গানের ভাষা এবং সুর ভিন্ন হওয়ায় তিনি চমৎকৃত হন। অতঃপর তাঁর বাসায় হারান ফকিরের কাছ থেকে আরও কিছু গান শোনেন। হারান, লালন ফকিরের ভাবশিষ্য ছিল এবং প্রায়দিন সন্ধ্যার বেশ পরে লালনের আখড়ায় তাঁর যাতায়াত ছিল। সে সময় লালন ফকিরের নাম অনেকের নিকট অজানা ছিল। ড. করীম পরদিন কলেজে তাঁর ছাত্রবন্ধুদের এ বিষয়ে জিজ্ঞাসা করলে কেউ তেমন কিছু বলতে পারেনি। অবশেষে তাঁর একজন সহপাঠী ইসমাইল হোসেন, বাড়ী ছেঁউড়িয়া তাঁকে এ সম্বন্ধে বলেন। ইসমাইল ড. করীমকে সেখানে যেতে নিষেধ করেন। তাঁর মতে লালন ফকিরের অনুসারীরা ছেঁউড়িয়াতে লালনের মাজারে স্থাপিত আখড়ায় নারী-পুরুষ একসাথে সাময়িক বসবাস করে। রাতেই তাঁদের গান হয় এবং অনেক রাত অবধি তা চলে। ফকিরেরা মেয়ে-পুরুষ মিলে গাঁজা খায় ইত্যাদি। ইসমাইল বলে, "তুই ওখানে যাসনে।" তোকে ওরা তুকতাক করে দলে ভিড়িয়ে ফেলবে'। আনোয়ারুল করীম অতঃপর সব বাধা না মেনে সরাসরি আখড়ায় চলে যান এবং সেখানে ফকিরদের কাছ থেকে লালনের গান ও সাধনা সম্বন্ধে সামান্য কিছু জানতে পারেন। তারপর থেকেই সেখানে তার যাওয়া আসা। প্রায় পঞ্চাশ বছর ড. করীম লালন ফকিরের অনুসারীদের সাথে মেলামেশা ইত্যাদি করেছেন। ১৯৫৭ সালে তিনি সর্বপ্রথম "বাউল কবি লালন শাহ" নামে একটি লেখা দৈনিক ইত্তেফাক সাহিত্য সাময়িকীতে প্রকাশ করেন। এরপর তিনি ইত্তেফাকে নিয়মিত লালন সম্বন্ধে নানা নিবন্ধ প্রকাশ করেন।

অতঃপর কুষ্টিয়া কলেজের অধ্যক্ষ এম, ইউ ভূইয়া সাহেবের নির্দেশে ড. করীম ১৯৬২ সালে কুষ্টিয়া কলেজে যোগদানের পরে ১৯৬৩ সালে তাঁর ''বাউল কবি লালন শাহ'' গ্রন্থ'টি প্রকাশিত হয়। গ্রন্থ'টি কুষ্টিয়ার সুলভ প্রেসে প্রথম ছাপা হয় এবং কুষ্টিয়াতে লতিফ বুক ডিপোর মালিক আব্দুল লতিফ গ্রন্'টি প্রকাশ করেন এবং প্রচার ও প্রসারে ব্যবস্থা নেন।

কুষ্টিয়ায় কোকিল শাহ নামে একজন বাউল গুরু লালনের গানের অর্থ বিষয়ে প্রফেসর আনোরয়ুল করীমকে অনেক তথ্য দেন। ফকির বেহাল শাহ, ঝড়ু শাহ, খোদাবক্শ, মহিম শাহ, বেল্লাল শাহ, নিজামুউদ্দীন শাহ, কানাই ক্ষ্যাপা, গোলাম ইয়াছিন, স্বরূপ শাহ, বাদের শাহ প্রমুখের কাছ থেকে অনেক তথ্য ও সহযোগিতা লাভ করেন। ১৯৭৫ সালে ইরাকের বাগদাদ সরকার একটি আর্ন্তজাতিক সম্মেলনে বক্তব্য প্রদানের জন্য বিশেষ ব্যবস্থায় বাগদাদে নিয়ে যান। ১৯৮০ সালে প্রফেসর করীমের ইংরেজি গ্রন্থ ' 'The Bauls of Bangladesh ' প্রকাশিত হলে সারাবিশ্বে লালন ফকির ও বাউল সাধকেরা পরিচিতি লাভ করেন।

১৯৬২ সালে আনোয়ারুল করীম কুষ্টিয়া কলেজে ইংরেজি সাহিত্যে অধ্যয়নকালে তৎকালীন জেলা প্রশাসক জনাব কাজী গোলাম আহাদ এর সঙ্গে লালন বিষয়ে তাঁর দীর্ঘ আলোচনা হয় এবং জনাব আহাদ তাঁর লেখাসমূহ পাঠ করার পর লালন মাজারে একটি স্মৃতিসৌধ এবং লালন লোকসাহিত্য কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নেন। অতঃপর সে সময়ের সরকারী উকিল এ জেড রেজওয়ানুল খানকে সম্পাদক, ছেঁউরিয়া নিবাসী এবং চাপড়া ইউনিয়নের তৎকালীন চেয়ারম্যান জনাব মোজাম্মেল হক, কুষ্টিয়া কলেজের বাংলা বিভাগের অধ্যাপক আফসার উদ্দিন শেখ এবং বর্তসান প্রবন্ধকার সহ আরও কিছু গণ্যমাণ্য ব্যাক্তিদের নিয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে উপর্যুক্ত কাজটি সম্পন্ন করেন। এই কাজে জেলা পরিষদ সহ সরকারী, বেসরকারী অর্থায়নে লালন স্মৃতিসৌধ এবং লালন লোকসাহিত্য কেন্দ্রটি স্থাপিত হয়। ১৯৬৩ সালে আনোয়ারুল করীমের গবেষণা ভিত্তিক গ্রন্থ' "বাউল কবি লালন শাহ" প্রকাশিত হয়। এই গ্রন্থটি তৎকালীন পূর্ব পাকিস্তানে লালন বিষয়ক প্রথম গ্রন্থ।

১৯৬৩ সালে জনাব কাজী গোলাম আহাদ এর আমন্ত্রণক্রমে তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর জনাব মোনায়েম খান লালন স্মৃতি সৌধ এবং লালন লোকসাহিত্য কেন্দ্র উদ্বোধন করেন। অধ্যাপক ড. আনোয়ারুল করীম, এ জেড এম রেজওয়ানুল হক, অধ্যাপক আফসার উদ্দিন শেখ– এরপরে লালন লোকসাহিত্য কেন্দ্রের সম্পাদকের দায়িত্ব পালন করেন। জনাব কাজী গোলাম আহাদ জেলা প্রশাসক থাকাকালীন সময়ে তিনি এই প্রতিষ্ঠানের প্রথম সভাপতি এবং পরবর্তীতে অন্যান্য জেলা প্রশাসকগণ অদ্যাবধি এই দায়িত্ব পালন করে আসছেন।

১৯৭৫ সালে কুষ্টিয়ার তৎকালীন জেলা প্রশাসক ও বিশিষ্ট কবি মোফাজ্জল করিম অধ্যাপক আনোয়ারুল করীমের প্রস্তাবে লালন লোকসাহিত্য কেন্দ্রের নাম পাল্টিয়ে 'লালন একাডেমি' রাখেন এবং আনোয়ারুল করীমকে অবৈতনিক পরিচালক হিসেবে দায়িত্ব প্রদান করেন। তিনি ১৯৮৯ সাল পর্যন্ত এই দায়িত্ব পালন করেন।

লালন ফকির ছিলেন একজন কালজয়ী পুরুষ। লালন ফকিরের জন্মের দুইশত একান্ন বৎসর পরেও তাঁর গান শুধু অমলিনই নয়, কেবলই বিস্ময় ছড়িয়ে চলেছে। প্রকৃত অর্থে, লালন ফকির ছিলেন একজন বিস্ময়কর প্রতিভাধর একজন সাধক মানুষ। একবিংশ শতাব্দীর বিজ্ঞানময় সভ্যতার কালে এই লোককবির গান বিজ্ঞানমুখী জনগণের মধ্যে লোকজ্ঞান যাকে ইংরেজিতে Folk wisdom বা Folklore বলা হয়, তার অবিস্মরণীয় বিকীরণ ছড়াচ্ছে। আজকের বিশ্ব অবাক বিস্ময়ে তাঁর গান শুনছে এবং অভিভূত হচ্ছে। তাঁর গানের বাণী আজ পৃথিবীর তাবৎ বিজ্ঞানধর্মী মানুষের মধ্যে এই পৃথিবী ও মহাবিশ্বের সৃষ্টি কুশলতা সম্পর্কে অজানা তত্ত্বের বিকাশ ঘটিয়ে চলেছে।

লালন সাঁইজির মানবতাবাদী ও সহজিয়া দর্শন এখন বিশ্বজোড়া আগ্রহের বিষয়। তাঁর দর্শনকে ঘিরে পশ্চিমা দেশগুলোতে নিয়মিত গবেষণা চলছে। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফান্স, জার্মানি ও জাপানের নানা বিশ্ববিদ্যালয়ে লালনের গান, দর্শন ও দেহতত্ত্ব নিয়ে পাঠক্রম চালু হয়েছে।

বিশেষত হার্ভার্ড বিশ্ববিদ্যালয়, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, লন্ডস স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজ এবং টোকিও বিশ্ববিদ্যালয় লালনের বাণীকে "ইউনিভার্সাল হিউম্যানিজম"–এর প্রতীক হিসাবে বিশ্লেষণ করছে। পশ্চিমা গবেষকরা লালনের চিন্তায় এক ধরনের 'মিস্টিক ডেমোক্রসি'–অর্থাৎ আধ্যাত্মিক গণতন্ত্রের ধারণা খুঁজে পেয়েছেন।

বাংলাদেশের সাধক পুরুষ হিসেবে লালন সর্বাধিক জনপ্রিয় ব্যক্তিত্ব। বাউল গান ইউনেস্কো কর্তৃক World Heritage এর অন্তর্ভুক্ত হওয়ায় লালন ফকিরের গান দেশে ও বিদেশে সমাদৃত হচ্ছে। বাউলের গান ও লালন ফকির নিয়ে ইতোমধ্যেই নানা গবেষণা পুস্তক দেশে-বিদেশে প্রকাশিত হয়েছে।

লালন ফকিরের খ্যাতি আজ তুঙ্গে। রবীন্দ্রনাথ এবং নজরুলের পরে এমন খ্যাতি এ দেশে অন্য কারো ভাগ্যে ঘটেনি। লালন ফকির একজন সাধক পুরুষ হিসেবে শিক্ষিত এবং অশিক্ষিত মহলে কিংবদন্তিতে পরিণত হয়েছেন। তাঁর বাণী শুধু অতীতের ঐতিহাসিক উচ্ছারণ নয়, বরং আজকের যুগের এক নৈতিক নির্দেশ।

লেখক: লিটন আব্বাস, কবি ও নাট্যকার



কুষ্টিয়ার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ ঐতিহ্য রক্ষায় আমাদের অঙ্গীকার এবং কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার ভূমিকা

খালিদ সাইফুল্লাহ

"কুষ্টিয়া শুধু একটি জেলার নাম নয়–কুষ্টিয়া আমাদের শিকড়, আমাদের স্মৃতি, আমাদের সংস্কৃতি, আমাদের অহংকার এবং আমাদের হৃদয়ের এক অবিচ্ছেদ্য ঠিকানা। বাংলার ইতিহাস, সাহিত্য, সংগীত ও মানবিক চেতনার এক সমৃদ্ধ অধ্যায়জুড়ে রয়েছে কুষ্টিয়ার নাম। পদ্মা, গড়াই ও কুমারের স্রোতধারায় গড়ে ওঠা এই জনপদ যুগে যুগে ধারণ করেছে জ্ঞান, সংস্কৃতি, দর্শন, কৃষি, ব্যবসা-বাণিজ্য ও মানবিক মূল্যবোধের অনন্য ঐতিহ্য। কুষ্টিয়ার মাটির সঙ্গে জড়িয়ে আছে এমন সব মনীষীর নাম, যাঁদের কর্ম ও কীর্তি শুধু এই জনপদকে নয়, সমগ্র বাংলা তথা বিশ্বকে সমৃদ্ধ করেছে। ব্রিটিশবিরোধী আন্দোলনের অন্যতম বিপ্লবী বাঘা যতীন, 'বিষাদ-সিন্ধু'র মতো কালজয়ী সাহিত্যের রচয়িতা মীর মশাররফ হোসেন, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজ্ঞ বিচারপতি রাধাবিনোদ পাল এবং সংবাদপত্র ও সমাজসংস্কারের পথিকৃৎ কাঙাল হরিনাথ মজুমদার–প্রত্যেকেই নিজ নিজ কর্মক্ষেত্রে রেখে গেছেন স্মরণীয় অবদান। কুষ্টিয়ার নাম উচ্চারণ করলেই আমাদের মনে পড়ে বাউল সম্রাট লালন শাহের মানবতাবাদী দর্শন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের শিলাইদহ, বাউল-ফকিরের সাধনা এবং অসাম্প্রদায়িক চেতনার কথা। এই মনীষীদের জীবন ও কর্ম কুষ্টিয়াকে দিয়েছে স্বতন্ত্র মর্যাদা, সমৃদ্ধ করেছে আমাদের সাংস্কৃতিক পরিচয় এবং বিশ্বদরবারে তুলে ধরেছে এই জনপদের গৌরব। কুষ্টিয়ার ইতিহাস তাই শুধু অতীতের কিছু ঘটনা নয়–এ ইতিহাস আমাদের আত্মপরিচয়, আমাদের প্রেরণা এবং আমাদের অস্তিত্বের অবিচ্ছেদ্য অংশ।

অতীত যেখানে আমাদের শিকড়

কুষ্টিয়ার অতীত আমাদের শেখায় মানুষের সঙ্গে মানুষের ভালোবাসার কথা, সম্প্রীতির কথা, মাটির সঙ্গে মানুষের আত্মিক সম্পর্কের কথা। বাঘা যতীনের বিপ্লবী জীবন আমাদের দেশপ্রেম, সাহস ও আত্মত্যাগের শিক্ষা দেয়। মীর মশাররফ হোসেনের সাহিত্যকীর্তি আমাদের স্মরণ করিয়ে দেয় বাংলা সাহিত্যের অসামান্য সৃজনশীলতার কথা। বিচারপতি রাধাবিনোদ পালের আন্তর্জাতিক খ্যাতি আমাদের জ্ঞান, প্রজ্ঞা ও ন্যায়বিচারের সাধনায় অনুপ্রাণিত করে। কাঙাল হরিনাথ মজুমদারের সাহসী সাংবাদিকতা আমাদের সত্য প্রকাশ, অন্যায়ের প্রতিবাদ এবং সাধারণ মানুষের অধিকার রক্ষার গুরুত্ব শেখায়।

অন্যদিকে, লালনের দর্শন আমাদের মনে করিয়ে দেয়–মানুষের চেয়ে বড় কোনো পরিচয় নেই। শিলাইদহ আমাদের স্মরণ করিয়ে দেয়, কুষ্টিয়ার মাটির সঙ্গে বাংলা সাহিত্য ও বিশ্বসাহিত্যের রয়েছে গভীর সম্পর্ক। এই মনীষীরা কেবল কুষ্টিয়ার গর্ব নন; তাঁরা আমাদের ইতিহাসের আলোকবর্তিকা, আমাদের ভবিষ্যৎ নির্মাণের প্রেরণা। আমাদের পূর্বপুরুষেরা তাঁদের কর্ম, আদর্শ ও সৃষ্টির মধ্য দিয়ে যে অমূল্য উত্তরাধিকার রেখে গেছেন, তা সংরক্ষণ করা শুধু আমাদের দায়িত্ব নয়–এ আমাদের নৈতিক দায়বদ্ধতা।

বর্তমান–সম্ভাবনার নতুন কুষ্টিয়া

সময় বদলেছে। কুষ্টিয়াও বদলাচ্ছে। শিক্ষা, কৃষি, ব্যবসা-বাণিজ্য, শিল্প, স্বাস্থ্যসেবা, যোগাযোগ ও নগরায়ণের ক্ষেত্রে কুষ্টিয়া এগিয়ে চলেছে।

দেশের বিভিন্ন প্রান্তে এবং বিশ্বের নানা দেশে ছড়িয়ে আছেন কুষ্টিয়ার অসংখ্য মানুষ। তাঁরা ব্যবসা, শিক্ষা, চিকিৎসা, প্রশাসন, শিল্প, প্রযুক্তি ও বিভিন্ন পেশায় নিজেদের যোগ্যতার স্বাক্ষর রাখছেন। কিন্তু কুষ্টিয়ার সবচেয়ে বড় সম্পদ তার অবকাঠামো নয়, তার অর্থনীতি নয়–কুষ্টিয়ার সবচেয়ে বড় সম্পদ কুষ্টিয়ার মানুষ। এই মানুষগুলোর মেধা, শ্রম, অভিজ্ঞতা, ভালোবাসা ও পারস্পরিক সহযোগিতাকে যদি কুষ্টিয়ার কল্যাণে আরও সুসংগঠিতভাবে কাজে লাগানো যায়, তাহলে কুষ্টিয়ার সম্ভাবনার নতুন দ্বার উন্মোচিত হতে পারে। তবে আমাদের মনে রাখতে হবে উন্নয়ন তখনই অর্থবহ, যখন তা আমাদের শিকড়কে আরও শক্তিশালী করে; যে উন্নয়ন ঐতিহ্যকে মুছে দেয়, তা কখনো পূর্ণাঙ্গ উন্নয়ন হতে পারে না।

ভবিষ্যৎ–আমাদের দায়িত্ব

দ্রুত নগরায়ণ, অপরিকল্পিত স্থাপনা, পরিবেশের ওপর চাপ, নদী ও জলাশয়ের পরিবর্তন, ঐতিহাসিক স্থাপনার অবহেলা এবং নতুন প্রজন্মের মধ্যে স্থানীয় ইতিহাস সম্পর্কে আগ্রহের ঘাটতি–এসব আমাদের জন্য সতর্ক বার্তা।

আজ আমরা যদি আমাদের ইতিহাস, স্থাপনা, নদী, সংস্কৃতি, লোকঐতিহ্য ও স্মৃতিগুলো সংরক্ষণ না করি, তবে হয়তো একদিন আমাদের সন্তানরা কুষ্টিয়ার গৌরবের গল্প শুধু বইয়ের পাতায় খুঁজবে। আমরা কি চাই, আগামী প্রজন্ম বাঘা যতীনের বিপ্লবী চেতনা, মীর মশাররফ হোসেনের সাহিত্য, বিচারপতি রাধাবিনোদ পালের আন্তর্জাতিক অবদান কিংবা কাঙাল হরিনাথের সাংবাদিকতার ইতিহাস শুধু পাঠ্যবইয়ে পড়ুক, অথচ নিজেদের জনপদের ঐতিহ্যের সঙ্গে আত্মিক সম্পর্ক অনুভব করতে না পারুক? নিশ্চয়ই নয়। তাই এখনই সময় ঐতিহ্য সংরক্ষণকে দায়িত্ব থেকে সামাজিক আন্দোলনে পরিণত করার।

আমাদের করণীয়

১. ইতিহাসকে সংরক্ষণ করতে হবে

কুষ্টিয়ার প্রতিটি উপজেলা, ইউনিয়ন, গ্রাম, ঐতিহাসিক স্থান, পুরানো বাজার, নদী, মেলা, লোকসংস্কৃতি, গুণীজন ও মুক্তিযুদ্ধের ইতিহাসকে নথিভুক্ত করে একটি সমন্বিত 'কুষ্টিয়া ঐতিহ্য আর্কাইভ' গড়ে তোলা যেতে পারে।বাঘা যতীন, মীর মশাররফ হোসেন, বিচারপতি রাধাবিনোদ পাল, কাঙাল হরিনাথ মজুমদার, লালন শাহ ও রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে কুষ্টিয়ার ঐতিহাসিক সম্পর্ক এবং তাঁদের কর্ম ও অবদান নিয়ে গবেষণা, প্রকাশনা ও ডিজিটাল তথ্যভান্ডার গড়ে তোলা প্রয়োজন। পুরোনো ছবি, দলিল, বই, সংবাদপত্র, স্মৃতিচারণ, সাক্ষাৎকার ও ভিডিও ডিজিটালভাবে সংরক্ষণ করতে হবে, যাতে ভবিষ্যৎ প্রজন্ম সহজেই নিজেদের ইতিহাস জানতে পারে।

২. নতুন প্রজন্মকে শিকড়ের সঙ্গে যুক্ত করতে হবে

শিক্ষার্থীদের নিয়ে ইতিহাসভিত্তিক প্রতিযোগিতা, ঐতিহাসিক স্থান পরিদর্শন, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রবীণদের স্মৃতিচারণ এবং তরুণ গবেষকদের উৎসাহিত করার উদ্যোগ নিতে হবে।

কুষ্টিয়ার মনীষীদের জীবন ও কর্ম নিয়ে নিয়মিত আলোচনা, পাঠচক্র, প্রামাণ্যচিত্র নির্মাণ এবং গবেষণার সুযোগ সৃষ্টি করা যেতে পারে।

কারণ যে প্রজন্ম নিজের শিকড়কে চেনে, সেই প্রজন্মই নিজের ভবিষ্যৎকে শক্ত হাতে নির্মাণ করতে পারে।

৩. ঐতিহাসিক স্থান ও প্রকৃতি রক্ষা করতে হবে

শিলাইদহ, লালন আখড়া এবং কুষ্টিয়ার অন্যান্য ঐতিহাসিক ও সাংস্কৃতিক স্থানগুলোকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। একই সঙ্গে গড়াইসহ নদী, খাল, জলাশয় ও সবুজ প্রকৃতিকে রক্ষা করতে হবে। ঐতিহাসিক স্থাপনাগুলোর পরিচ্ছন্নতা, নিরাপত্তা, যথাযথ রক্ষণাবেক্ষণ এবং পর্যটনবান্ধব পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। কারণ প্রকৃতি ও ঐতিহ্য–দুটিই কুষ্টিয়ার আত্মার অংশ।

৪. কুষ্টিয়ার সংস্কৃতিকে বিশ্বমঞ্চে তুলে ধরতে হবে

লালনের দর্শন, বাউলসংগীত, রবীন্দ্র ঐতিহ্য, মীর মশাররফ হোসেনের সাহিত্য, বাঘা যতীনের বিপ্লবী জীবন, বিচারপতি রাধাবিনোদ পালের আন্তর্জাতিক অবদান, কাঙাল হরিনাথের সাংবাদিকতা এবং কুষ্টিয়ার লোকসংস্কৃতিকে আধুনিক প্রযুক্তি ও ডিজিটাল মাধ্যম ব্যবহার করে দেশ-বিদেশে তুলে ধরতে হবে। গড়ে তোলা যেতে পারে দীর্ঘমেয়াদি Brand Kushtia উদ্যোগ, যার মাধ্যমে কুষ্টিয়ার ইতিহাস, ঐতিহ্য, পর্যটন, সংস্কৃতি ও সম্ভাবনাকে আন্তর্জাতিক পরিসরে পরিচিত করা সম্ভব। কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা একটি দায়িত্ব, একটি সম্ভাবনা

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা শুধু ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর মিলনমেলা নয়; এটি হতে পারে কুষ্টিয়ার ইতিহাস, ঐতিহ্য, মানবসম্পদ ও উন্নয়নের মধ্যে একটি শক্তিশালী সেতুবন্ধ। ঢাকায় বসবাসরত কুষ্টিয়ার অসংখ্য গুণী, মেধাবী ও সফল মানুষের অভিজ্ঞতা ও সামর্থ্যকে একত্রিত করে সমিতি কুষ্টিয়ার জন্য একটি দীর্ঘমেয়াদি উন্নয়ন ও ঐতিহ্য সংরক্ষণের রূপরেখা তৈরি করতে পারে। সমিতির ভূমিকা শুধু সামাজিক অনুষ্ঠান আয়োজন কিংবা সদস্যদের পারস্পরিক যোগাযোগের মধ্যে সীমাবদ্ধ না রেখে, কুষ্টিয়ার বৃহত্তর কল্যাণে একটি সুসংগঠিত ও কার্যকর উদ্যোগে রূপ দেওয়া সময়ের দাবি।

এ ক্ষেত্রে সমিতি কয়েকটি গুরুত্বপূর্ণ কর্মসূচি গ্রহণ করতে পারে।

১. 'কুষ্টিয়া ঐতিহ্য সংরক্ষণ কমিটি'

ইতিহাসবিদ, শিক্ষক, গবেষক, সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ব্যবসায়ী ও তরুণদের সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা যেতে পারে। এই কমিটি কুষ্টিয়ার ঐতিহাসিক নিদর্শন, মনীষীদের জীবন ও কর্ম এবং হারিয়ে যেতে বসা লোকঐতিহ্য সংরক্ষণে কাজ করবে।

২. 'কুষ্টিয়া হেরিটেজ ফান্ড'

সদস্যদের স্বেচ্ছা অনুদান, করপোরেট সহযোগিতা ও অন্যান্য বৈধ উৎসের মাধ্যমে একটি তহবিল গঠন করা যেতে পারে। এই তহবিল থেকে ঐতিহ্য সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, শিক্ষাবৃত্তি এবং সাংস্কৃতিক কার্যক্রমে সহায়তা দেওয়া সম্ভব।

৩. 'কুষ্টিয়া ডিজিটাল আর্কাইভ'

কুষ্টিয়ার পুরানো ছবি, দলিল, বই, সংবাদপত্র, ঐতিহাসিক তথ্য, মনীষীদের জীবন ও কর্ম এবং প্রবীণদের স্মৃতিচারণ সংগ্রহ করে একটি ডিজিটাল আর্কাইভ গড়ে তোলা যেতে পারে। এ উদ্যোগের মাধ্যমে কুষ্টিয়ার ইতিহাসকে সময়ের গণ্ডি পেরিয়ে আগামী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে।

৪. 'একজন প্রবীণ–একটি ইতিহাস'

কুষ্টিয়ার প্রবীণ ব্যক্তিদের সাক্ষাৎকার ধারণ করে তাঁদের জীবনের অভিজ্ঞতা, পুরোনো সমাজব্যবস্থা, শিক্ষা, ব্যবসা, সংস্কৃতি ও সামাজিক পরিবর্তনের ইতিহাস সংরক্ষণ করা যেতে পারে। কারণ, একজন প্রবীণ মানুষের স্মৃতির মধ্যে লুকিয়ে থাকে একটি সময়ের ইতিহাস, যা হারিয়ে গেলে আর ফিরে পাওয়া যায় না।

৫. 'আমাদের কুষ্টিয়া' তরুণদের সম্পৃক্তকরণ

ঢাকায় বসবাসরত কুষ্টিয়ার তরুণদের নিয়ে একটি স্বেচ্ছাসেবী নেটওয়ার্ক গড়ে তোলা যেতে পারে। এর মাধ্যমে তাঁদের ইতিহাস গবেষণা, ঐতিহ্য সংরক্ষণ, সামাজিক সেবা, শিক্ষা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা সম্ভব।

৬. Kushtia Development Dialogue

প্রতিবছর ঢাকায় কুষ্টিয়ার উন্নয়ন নিয়ে একটি বিশেষ সংলাপ আয়োজন করা যেতে পারে। সেখানে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্প, কর্মসংস্থান, পর্যটন, পরিবেশ ও অবকাঠামো নিয়ে বিশেষজ্ঞ, পেশাজীবী, উদ্যোক্তা ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ নেবেন। এই সংলাপ থেকে উঠে আসা বাস্তবসম্মত প্রস্তাবগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা যেতে পারে, যাতে কুষ্টিয়ার উন্নয়ন পরিকল্পনায় প্রবাসী ও ঢাকায় বসবাসরত কুষ্টিয়াবাসীর জ্ঞান ও অভিজ্ঞতা কাজে লাগে।

৭. দেশ-বিদেশের কুষ্টিয়াবাসীকে একসূত্রে যুক্ত করা

ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চল ও বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত কুষ্টিয়াবাসীকে নিয়ে একটি বৃহত্তর নেটওয়ার্ক গড়ে তোলা যেতে পারে। এর মাধ্যমে বিনিয়োগ, কর্মসংস্থান, শিক্ষা, প্রযুক্তি, সংস্কৃতি ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার নতুন সুযোগ সৃষ্টি হবে।

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা যদি ঐক্য, পরিকল্পনা ও কার্যকর উদ্যোগের সমন্বয় ঘটাতে পারে, তাহলে এই সংগঠন কেবল একটি সামাজিক প্রতিষ্ঠান নয়, বরং কুষ্টিয়ার ঐতিহ্য সংরক্ষণ ও উন্নয়নের অন্যতম চালিকাশক্তিতে পরিণত হতে পারে। আমাদের অঙ্গীকার আমরা এমন একটি কুষ্টিয়া চাই, যেখানে উন্নয়ন হবে, কিন্তু ইতিহাস হারাবে না। নতুন ভবন উঠবে, কিন্তু ঐতিহ্যের স্মৃতি মুছে যাবে না। শিল্প গড়ে উঠবে, কিন্তু নদী ও প্রকৃতি বিপন্ন হবে না। তরুণ প্রজন্ম আধুনিক হবে, কিন্তু নিজের শিকড় ভুলবে না। বাঘা যতীনের দেশপ্রেম, মীর মশাররফ হোসেনের সাহিত্য প্রতিভা, বিচারপতি রাধাবিনোদ পালের প্রজ্ঞা, কাঙাল হরিনাথের প্রতিবাদী চেতনা, লালনের মানবতাবাদ এবং রবীন্দ্রনাথের সৃজনশীলতা আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে। কুষ্টিয়ার মানুষ পৃথিবীর যেখানেই থাকুক, নিজের জন্মভূমির সঙ্গে তার আত্মিক বন্ধন অটুট থাকবে। আমাদের পূর্বপুরুষেরা তাঁদের কর্ম, আদর্শ ও ভালোবাসা দিয়ে যে কুষ্টিয়ার পরিচয় নির্মাণ করেছেন, আমাদের দায়িত্ব সেই পরিচয়কে আরও সমৃদ্ধ করা এবং আগামী প্রজন্মের হাতে নিরাপদে তুলে দেওয়া। কারণ অতীত আমাদের পরিচয়, বর্তমান আমাদের দায়িত্ব, আর ভবিষ্যৎ আমাদের অঙ্গীকার। আসুন, আমরা সবাই মিলে এমন একটি কুষ্টিয়া গড়ে তুলি, যেখানে আগামী প্রজন্ম শুধু ইতিহাস পড়বে না, ইতিহাসের গৌরব অনুভব করবে; শুধু ঐতিহ্যের কথা শুনবে না, সেই ঐতিহ্যকে নিজের জীবনে ধারণ করবে। একদিন আমাদের সন্তানরা পৃথিবীর যেখানেই দাঁড়াক, বুকভরা গর্ব নিয়ে বলবে 'আমি কুষ্টিয়ার মানুষ।' কুষ্টিয়া আমাদের শিকড়। কুষ্টিয়া আমাদের গর্ব। কুষ্টিয়ার ঐতিহ্য আমাদের আমানত। আর কুষ্টিয়ার ভবিষ্যৎ–আমাদের সম্মিলিত অঙ্গীকার। কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

ঐক্যে শক্তি । ঐতিহ্যে গর্ব । উন্নয়নে অঙ্গীকার

লেখক: মো: খালিদ সাইফুল্লাহ, কলামিস্ট ও প্রকাশক আমাদের খবর ২৪.কম

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা
নবাগত সদস্যদের
পরিচিতি



আ-২১২৪

নাম : শেখ ফারদিন ফারহান
পদবী ও কর্মস্থল : ছাত্র
পিতা : মোঃ আবদুল মজিদ
মাতা : মৌসুমী মুনমুন
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : ১০৬/১ এস.বি.রোড, আড়ুয়াপারা,কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : বাড়ি-৯৭,রোড-১৭,সেক্টর-১৪,উত্তরা,ঢাকা
জন্ম তারিখ : ২০ এপ্রিল ২০০২
রক্তের গ্রুপ :
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৭০৬-৬৪৩২৬৩,০১৫৪০-৫০১৯৭৯



আঃ ২১২৫

নাম : মোহাম্মদ মুহাইমিনুল ইসলাম (নাফিস)
পদবী ও কর্মস্থল : ছাত্র
পিতা : মোহাম্মদ নজরুল ইসলাম
মাতা : আরমিনা ফেরদৌসী
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : ১১ নং চাঁদ মহম্মদ রোড,থানাপাড়া,কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : বাড়ি-১১, রোড-২,সেক্টর-১২,প্রিয়াংকা সিটি, উত্তরা, ঢাকা
জন্ম তারিখ : ১ জানুয়ারি ২০০১
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল :০১৯১৭-৮৮৫২৪২



আঃ ২১৩১

নাম : মোঃ শাকিবুল ইসলাম
পদবী ও কর্মস্থল :
পিতা : মরহুম আব্দুর রশিদ
মাতা : মরহুম ফাতেমা বেগম
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : বাসা/হেল্ডিং ৪১, রাস্তা-২ য় বি বি লেন আড়ুয়া পাড়া,ডাকঘর- মোহনী মিল ৭০০০
আবাসিক ঠিকানা : বাড়ী-৯৭, রাস্তা-১৭, সেক্টর ১৪, উত্তরা, ঢাকা
জন্ম তারিখ : ০২ মার্চ ১৯৬৮
রক্তের গ্রুপ : এ (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল :০১৭৩১-২৩২৫০০



আঃ ২১৫৭

নাম : মোঃ আব্দুল হাকিম মাসুদ
পদবী ও কর্মস্থল : সরকার স্টিল
পিতা : মোঃ আব্দুল হোসেন
মাতা : হালিমা খাতুন
স্ত্রী : সাবিনা সিফাত ইসলাম (ছবি)
স্থায়ী ঠিকানা : ১৫, আব্দুল জাব্বার রোড, আড়ুয়া পাড়া, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : নিকুঞ্জ-২
জন্ম তারিখ : ২১ আগস্ট ১৯৭৮
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই সন্তান
মোবাইল : ০১৭১১-১৮৭০৮৩



আঃ ২১৬০

নাম : মোঃ আব্দুল মাজেদ
পদবী ও কর্মস্থল : কনভেনর, আইডিইবি
পিতা : মরহুম রওয়ান আলী
মাতা : মোছাঃ রহিমা খাতুন
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : কবুরহাট সর্দার পাড়া, কবুরহাট, ডাকঘর -জগতি ৭০০২, সদর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : প্লানাস টাওয়ার (১৮ তলা),বাংলা মটর
জন্ম তারিখ : ২৪ জানুয়ারি ১৯৫১
রক্তের গ্রুপ :
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৭১৬-১২৭৩৭৪



আঃ ২১৮৭

নাম : আতিক হেলাল
পদবী ও কর্মস্থল : উপপরিচালক (জনসংযোগ) জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
পিতা : হাফিজুর রহমান সিকদার
মাতা : রিজিয়া খাতুন
স্ত্রী : রেহানা নাসরিন
স্থায়ী ঠিকানা : বি-৩২৫, হাউজিং এস্টেট,কুষ্টিয়া -৭০০০
আবাসিক ঠিকানা : রোড-০৫, বাসা-০২, প্রিয়াঙ্কা সিটি, সেক্টর-১২, উত্তরা, ঢাকা
জন্ম তারিখ : ১৫ সেপ্টেম্বর ১৯৭২
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই মেয়ে
মোবাইল : ০১৭১১-০৩১০৩৪



আঃ ২১৮৮

নাম : মোঃ জহুরুল হক
পদবী ও কর্মস্থল :
পিতা : মোঃ পিয়ার আলী
মাতা : মোসাঃ সায়েদা বেগম
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : আল্লারদর্গটা, দৌলতপুর, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : ঐ
জন্ম তারিখ : ১০ জুন, ১৯৭৬
রক্তের গ্রুপ :
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৭১১-৯৭০০৬৭



আঃ ২১৮৯

নাম : মোঃ মজিবর রহমান
পদবী ও কর্মস্থল : ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
পিতা : মোঃ খলিলুর রহমান
মাতা : মনিরা খানম
স্ত্রী : নাহিদ ফারজানা
স্থায়ী ঠিকানা : তালবাড়িয়া, মিরপুর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : প্লট নাম্বার-১৩, ১৪, ১৫, ১৬, ব্লক-এ, খিলগাঁও, ঢাকা।
জন্ম তারিখ : ২৪ অক্টোবর ১৯৮২
রক্তের গ্রুপ : ও (পজিটিভ)
সন্তানাদির বিবরণ: দুই সন্তান।
মোবাইল : ০১৭৫৫-৫৪১৪২৩,০১৭১১-১১১৮৬৩



আঃ ২১৯০

নাম : প্রকৌশলী মোঃ ওবাইদুল আলম
পদবী ও কর্মস্থল : উপসহকারী প্রকৌশলী
পিতা : মোঃ সাইদুর রহমান
মাতা : মোছাঃ মরিয়ম খাতুন
স্ত্রী : মোছাঃ জাহেদা খাতুন
স্থায়ী ঠিকানা : রানাখড়িয়া, তালবাড়ীয়া, মিরপুর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ৩৪৬, উত্তর শাহাজাহানপুর।
জন্ম তারিখ : ২০ সেপ্টেম্বর ১৯৮২
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই মেয়ে, এক ছেলে।
মোবাইল : ০১৭০৯-৬৩০৩০৭



আঃ ২১৯১

নাম : মোস্তফা হামিদ সিদ্দিকী
পদবী ও কর্মস্থল : এডভোকেড, বাংলাদেশ সুপ্রিম কোর্ট
পিতা : মোঃ আবু বকর সিদ্দিকী
মাতা : হামিদা বকর সিদ্দিকী
স্ত্রী : সুরাইয়া সিদ্দিকী
স্থায়ী ঠিকানা : শ্যামপুর, দুর্বাচরা, ই.বি. কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : হাউজ-৪৪, রোড-০৪, হাজী সলিমুল্লাহ রোড ইস্ট শ্যামপুর ,কদমতলী, ঢাকা-১২০৪
জন্ম তারিখ : ১ সেপ্টেম্বর ১৯৮০
রক্তের গ্রুপ : এ বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : তিন মেয়ে
মোবাইল : ০১৭১২-৬৬৪২৭৩.

আঃ ২১৯২

নাম : মুহঃ আমিনউজ্জামান
পদবী ও কর্মস্থল :
পিতা : মরহুম মোঃ আজাহার আলী মোল্লা।
মাতা : মরহুমা ছালেহা খাতুন।
স্বামী : মোছাঃ নাছরিন জামান
স্থায়ী ঠিকানা : গ্রাম-বি, মির্জাপুর, ডাকঘর-খোকসা -৭০২১,জেলা-কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : হাউজ নং-২৯, রোড নং-১০, সেক্টর-৬, উত্তরা, ঢাকা
জন্ম তারিখ : ২৬ জানুয়ারি ১৯৬৬
রক্তের গ্রুপ : এ (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে ও এক মেয়ে,
মোবাইল : ০১৯৭২-১৭৫৯৭১, ০১৩৩০-৫০৩৩৭২



আঃ ২১৯৩

নাম : ফাতেমা হক মুক্তামনি
পদবী ও কর্মস্থল :
পিতা : খোন্দকার সিরাজুল হক।
মাতা : সৈয়দা কোহিনূর বেগম
স্বামী : মোঃ শামসুল হক মিয়া
স্থায়ী ঠিকানা : আপন ঘর -১ , পূর্ব মজমপুর, সাদ্দাম বাজার। ফ্ল্যাট নং- ৩ সি, ডাকঘর-কুষ্টিয়া, থানা ও জেলা-কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : রোড নং-১৪, ব্লক-জে, প্লট ৪২১/৪২২, ফ্ল্যাট নং-বি ১, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা।
জন্ম তারিখ :
রক্তের গ্রুপ : এ (পজিটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৭১২-৫২৩০৩৩



আঃ ২১৯৭

নাম : উম্মে দিলরুবা পারভীন (রিক্তা)
পদবী ও কর্মস্থল :
পিতা : মীর আব্দুল আউয়াল
মাতা : ফজিলাতুন নেছা
স্বামী : মোঃ রিপন
স্থায়ী ঠিকানা : গ্রাম/পোস্ট অফিস-খাস মথুরাপুর, থানা-দৌলতপুর, জেলা কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ফ্ল্যাট- ২ এ, বাসা নং-৩৩, রোড-০১। সেক্টর-০৬, উত্তরা, ঢাকা।
জন্ম তারিখ : ২৬ জুলাই ১৯৭৪
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক পুত্র
মোবাইল : ০১৭১১-৬৬৪২৮৯



আঃ ২১৯৮

নাম : উম্মে আয়েশা(মুক্তা)
পদবী ও কর্মস্থল : গৃহিনী
পিতা : মীর আব্দুল আউয়াল
মাতা : ফজিলাতুন নেছা
স্বামী : মোঃ মমিনুল ইসলাম
স্থায়ী ঠিকানা : গ্রাম/পোস্ট অফিস-খাস মথুরাপুর থানা-দৌলতপুর, জেলা কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ফ্ল্যাট-২ এ, বাসা নং-৩৩, রোড-০১। সেক্টর-০৬, উত্তরা, ঢাকা।
জন্ম তারিখ : ২ অক্টোবর ১৯৭৩
রক্তের গ্রুপ : এ (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে ও এক মেয়ে,
মোবাইল : ০১৯১৮-৭২০০১৮



আঃ ২২০১

নাম : নয়ন বাদশা
পদবী ও কর্মস্থল : বিএসসি ইঞ্জিনিয়ার
পিতা : নজরুল ইসলাম
মাতা : ছাপিয়া খাতুন
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : গোলাপনগর, ভেড়ামারা, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ৭৬/এইচ, নয়া পল্টন
জন্ম তারিখ : ২৪ নভেম্বর ১৯৯৮
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৭২৪-২৪৭২৮২



আঃ ২২০২

নাম : মোঃ বোরহানুল ইসলাম
পদবী ও কর্মস্থল : প্রোপাইটর, বর্ষা ওভারসিজ
পিতা : মোঃ আজহার আলী
মাতা : মোছাঃ জফিরন খাতুন
স্ত্রী : জরিনা বেগম
স্থায়ী ঠিকানা : ১০৬/৫ মাহতার উদ্দিন রোড, কোটপাড়া, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ঐ
জন্ম তারিখ : ২৭ মে ১৯৬৫
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে ও দুই মেয়ে,
মোবাইল : ০১৭২৭-২১৬০১৬



আঃ ২২০৩

নাম : মোঃ বশিরুল আলম চাঁদ
পদবী ও কর্মস্থল :
পিতা : লোকমানুর রহমান
মাতা : শামসুন নাহার
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : গ্রাম- চৌড়হাস, ডাকঘর-বিসিক ৭০০০ উপজেলা- কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা :
জন্ম তারিখ : ২৬ জুলাই ১৯৫৮
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল :০১৬০১-০১০১৫১



আঃ ২২০৪

নাম : রবিউল ইসলাম রাহুল পারভেজ
পদবী ও কর্মস্থল :
পিতা : মোঃ মাতুব্বার আলী
মাতা :মোছাঃ রুবিনা খাতুন
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : গ্রাম- শেহালা, ডাকঘর-গোয়ালগ্রাম-৭০৫২ উপজেলা- দৌলতপুর কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ঐ
জন্ম তারিখ : ২৮ ডিসেম্বর ১৯৯৯
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৬০১-০১০০৫১



আঃ ২২০৫

নাম : এ এইচ এম সায়েদুজ্জামান
পদবী ও কর্মস্থল : সিঃ শিক্ষক (গণিত), উইলস্ লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ
পিতা : মোঃ ফজলুল হক মালিথা
মাতা : মোসাঃ সায়েদা খাতুন
স্ত্রী : মোসাঃ শামীমা আরা
স্থায়ী ঠিকানা : গ্রাম-ভাগাইপুর, পোস্ট অফিস-ছাতিয়ান, উপজেলা-মিরপুর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ১৫/১৭ মাহবুব টাওয়ার (দ্বিতীয় তলা) শান্তিনগর, ঢাকা ১০০০।
জন্ম তারিখ : ১০ ফেব্রুয়ারি ১৯৭৬
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই সন্তান
মোবাইল : ০১৯৯১-৯৯২২২২



আঃ ২২০৭

নাম : মোঃ সাহাবুল আলম
পদবী ও কর্মস্থল : তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
পিতা : মোঃ আজাহার আলী
মাতা : জরিনা খাতুন
স্ত্রী : আশরাফুন্নাহার (সনি)
স্থায়ী ঠিকানা : গ্রাম- বড় আইলচারা, পোস্ট অফিস পোড়াদহ, উপজেলা-কুষ্টিয়া, জেলা-কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : রোড নং-০৬, বাড়ি নং-০১, সোনাডাঙ্গা (১ম পর্যায়)আবাসিক, প্লট-সি ০৬, খুলনা
জন্ম তারিখ : ৪ মে ১৯৮৪
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই মেয়ে, এক ছেলে।
মোবাইল : ০১৭১৮- ২৯৮৬৮৪।



আঃ ২২০৮

নাম : মোঃ রফিকুল ইসলাম।
পদবী ও কর্মস্থল : ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারি এডুকেশন ট্রেনিং সেন্টার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়
পিতা : মরহুম আব্দুর রশিদ
মাতা : খাদিজা খানম
স্ত্রী : শিউলি পারভীন।
স্থায়ী ঠিকানা : ব্লক এ, সম্প্রসারণ প্লট-৮৪, হাউজিং এস্টেট, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : ১৬৮ ওয়াপদা রোড, পশ্চিম রামপুরা, ঢাকা ১২১৯
জন্ম তারিখ : ১১ নভেম্বর ১৯৭৮
রক্তের গ্রুপ : এ (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে ও এক মেয়ে,
মোবাইল : ০১৭১৩-৮৬৫৯৪৮



আঃ ২২০৯

নাম : শেখ মোঃ হাবিব (হাবিব চৌহান)
পদবী ও কর্মস্থল : সাংবাদিক,ভোরের কাগজ।
পিতা : শেখ মোঃ সেলিম
মাতা : মোছাঃ হাসিনা খাতুন
স্ত্রী : কুলসুম নেছা
স্থায়ী ঠিকানা : দুর্গাপুর, কুমারখালী, কুষ্টিয়া-৭০১০
আবাসিক ঠিকানা : আমানত, হাউজ ২/৪, ফ্লাট-৭বি, রোড-৩, ব্লক-এল, আফতাবনগর, ঢাকা-১২১২
জন্ম তারিখ : ১৮ জুলাই, ১৯৭৮
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে, দুই মেয়ে।
মোবাইল : ০১৭১৫-২৫১৪১১



আঃ ২২১০

নাম : আফরিনা আহমেদ রুম্পা
পদবী ও কর্মস্থল : গৃহিনী
পিতা : আব্দুর রাজ্জাক বাজু
মাতা : মোছাঃ নার্গিস বেগম জলি
স্বামী: : মো: কামরুল হাসান
স্থায়ী ঠিকানা : পূর্ব মজমপুর, সদর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : ১৬৬/১ মালিবাগ বাজার রোড, মালিবাগ, ঢাকা-১২১৭
জন্ম তারিখ : ১৭ জুলাই ১৯৯২
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : তিন মেয়ে
মোবাইল :০১৭৪৬৪১৩৪০২



আঃ ২২১১

নাম : ফারহান জামান
পদবী ও কর্মস্থল :
পিতা : আখতারুজ্জামান
মাতা : ফারহানা জামান
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : বাসা/হোল্ডিং: ৬৫, গ্রাম/রাস্তা: ৬৫ সতীসচন্দ্র সাহালেন, থানাপাড়া, কালিশংকরপুর, ডাকঘর: কুষ্টিয়া-৭০০০, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : হাউজ-৯৭, রোড-১৭, সেক্টর-১৪ উত্তরা, ঢাকা-১২৩০
জন্ম তারিখ : ২৭ অক্টোবর ২০০৩
রক্তের গ্রুপ : ও (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৭৭৫-৮৮৯৬২৫



আঃ ২২১২

নাম : মোঃ মেজবাউর রহমান
পদবী ও কর্মস্থল :
পিতা : আব্দুর রউফ
মাতা : মোছাঃ আয়েশা খাতুন
স্ত্রী :
স্থায়ী ঠিকানা : বাসা ১৭, গ্রাম/রাস্তা- খোদাদাদ খান সড়ক, থানা পাড়া-৭০০০, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : ঐ
জন্ম তারিখ : ২০ নভেম্বর ১৯৭০
রক্তের গ্রুপ : এবি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল :০১৭২৭-২১৫৫০৭



আঃ ২২১৩

নাম : মোঃ তরিকুল ইসলাম
পদবী ও কর্মস্থল : পুলিশ সুপার, নেত্রকোনা
পিতা : মোঃ তফেল উদ্দিন
মাতা : মোছাঃ সাহারা বেগম
স্ত্রী : জীবন নাহার নাছরিন(জেমি)
স্থায়ী ঠিকানা : গ্রাম - পারশিপলাই, ডাকঘর- বড়গংদিয়া-৭০৫০, থানাঃ দৌলতপুর, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : ১৬৬/১ মালিবাগ বাজার রোড, মালিবাগ, ঢাকা-১২১৭
জন্ম তারিখ : ২০ এপ্রিল ১৯৭৮
রক্তের গ্রুপ : এ (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই মেয়ে,এক ছেলে
মোবাইল : ০১৭১৫-৮৪৯০৯০



আঃ ২২১৪

নাম : মোঃ তাজুল ইসলাম
পদবী ও কর্মস্থল : সহকারী ব্যবস্থাপক(হিসাব শাখা), টোকাই পাওয়ার প্রোডাক্ট লিঃ
পিতা : মরহুম মোঃ নজরুল ইসলাম
মাতা : মোছাঃ সাবিয়া ইসলাম
স্ত্রী : উম্মে হবিবা সুলতানা
স্থায়ী ঠিকানা : গ্রাম+ডাকঘর- যদুবয়রা, থানা- কুমারখালী, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : ২০/২ পূর্ব শেওড়াপাড়া, মিরপুর, ঢাকা -১২১৬
জন্ম তারিখ : ০৫ ডিসেম্বর ১৯৭৮
রক্তের গ্রুপ : বি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে ও এক মেয়ে,
মোবাইল : ০১৭৩১-৪৬৮২২৪



আঃ ২২১৫

নাম : ডা: হুমাইয়া তাসনিম(শিথী)
পদবী ও কর্মস্থল : প্রাইভেট প্রাক্টিশনার
পিতা : মোঃ শহীদুল আলম
মাতা : শাইলা ইয়াসমিন
স্বামী : সাফিন আহমেদ
স্থায়ী ঠিকানা : কালিশংকরপুর, সদর, কুষ্টিয়া।
আবাসিক ঠিকানা : হাউজ নং-৬৫,৬৭, রোড নং -০১, ব্লক-ই মিরপুর-১২, ঢাকা-১২১৬
জন্ম তারিখ : ১৭ আগস্ট ২০০০
রক্তের গ্রুপ : এবি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ :
মোবাইল : ০১৩১৭-০৭৯২৫৪



আঃ ২২১৮

নাম : মোঃ আমিরুল ইসলাম
পদবী ও কর্মস্থল :
পিতা : মরহুম শমসের আলী
মাতা : মরহুমা আমেনা বেগম
স্ত্রী : মোছাঃ নাজনীন নাহার
স্থায়ী ঠিকানা : ১৬/২, ভি ভি ঘোষ লেন, কালিশংকরপুর, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা :কুতুববাগ দরবার শরীফ, ২৯/১ ইন্দিরা রোড, ঢাকা
জন্ম তারিখ : ২৬ ফেব্রুয়ারী ১৯৬৫
রক্তের গ্রুপ : এবি (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : দুই ছেলে ও এক মেয়ে
মোবাইল : ০১৭১০-১২৯০৭৮



আঃ ২২১৯

নাম : রিজিয়া পারভীন
পদবী ও কর্মস্থল : আইনজীবি
পিতা : মোঃ হানিফ উদ্দিন শেখ
মাতা : মোছাঃ হালিমা বেগম
স্বামী : কে এম মেহেদী হাসান
স্থায়ী ঠিকানা : বাড়ি নং - ১৫, রাস্তা- এস সি বি , থানা - আমলাপাড়া, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
আবাসিক ঠিকানা : ১৮৩/২ তিতাস রোড, পূর্ব রামপুরা, ঢাকা
জন্ম তারিখ :২৫ সেপ্টেম্বর ১৯৮৭
রক্তের গ্রুপ : এ (পজেটিভ)
সন্তানাদির বিবরণ : এক ছেলে ও এক মেয়ে,
মোবাইল : ০১৬৮১-১২৭৭৬৭

কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা

কুষ্টিয়া ভবন, ৬০ পুরানা পল্টন লাইন, শান্তিনগর, ঢাকা-১২১৭

অপর্চুনিটি কার্ড

দিচ্ছে কুষ্টিয়া জেলা সমিতি

স্বাস্থ্যসেবাসহ নানা সুবিধা পেতে এখনই তথ্য দিন



স্বাস্থ্যসেবা ও চিকিৎসা সুবিধা | কমিউনিটি ও সামাজিক সহয়তা | বিভিন্ন প্রতিষ্ঠানে বিশেষ সুযোগ-সুবিধা | সদস্যদের কল্যাণে পাশে

সার্বিক ব্যবস্থাপনায় :

মোঃ শামসুজ্জামান ইবনে আজিজ (আরিফ)
আহবায়ক
মুন্সী তরিকুল ইসলাম
সদস্য সচিব

সদস্য যথাক্রমে :

রনজক রিজভী
কামরুল হাসান সুজন
তারিকুল হক তারিক
মোঃ মিজানুর রহমান
মোঃ আনিচুর রহমান
মো. জাহিদুজ্জামান
মো. মনিরুল ইসলাম মনি
এস এম এস সালেক শিপার

কুষ্টিয়া ভবন, ৬০ পুরানা পল্টন লাইন, শান্তিনগর, ঢাকা-১২১৭, ফোন : ০১৩৪৮-২৬৭২৭৩
ইমেইল : kushtia96@gmail.com, ওয়েবসাইট : https://www.kzsd.org/ & kushtiazsd.org

আলোকচিত্রে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা







আলোকচিত্রে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা









আলোকচিত্রে কুষ্টিয়া জেলা সমিতি ঢাকা











